WORLD ATHLETICS

# সুস্থায়ীভাবে অনুষ্ঠান পরিচালনা: সর্বোত্তম অনুশীলনের নির্দেশিকা

**সংস্করণ 1.0 – নভেম্বর 2021**

# বিষয়সূচি

বিষয়সূচি ........ 1

1. আমাদের সুস্থায়িত্বের প্রতিশ্রুতি ........ 3

আমাদের দর্শন ........ 3
আমাদের লক্ষ্য ........ 3
বিশ্বব্যাপী উদ্যোগ ........ 4
আমাদের সুস্থায়িত্বের কৌশল ........ 4
1. খেলাধুলায় নেতৃত্ব ........ 4
2. সুস্থায়ী উৎপাদন ও ব্যবহার ........ 5
3. জলবায়ু পরিবর্তন ও কার্বন ........ 5
4. স্থানীয় পরিবেশ ও বায়ুর গুণমান ........ 5
5. বৈশ্বিক সমতা ........ 6
6. বৈচিত্র্য অ্যাক্সেসযোগ্যতা ও সুস্থতা ........ 6
সর্বোত্তম অনুশীলনের নির্দেশিকার ব্যবহার ........ 7

2. আপনার সুস্থায়িত্ব পরিকল্পনা গড়ে তোলা ........ 9

3. সুস্থায়ী আহরণ ........ 12

4. বর্জ্য ব্যবস্থাপনা ........ 16

বর্জ্য সম্পর্কিত পরিকল্পনা ........ 16
বর্জ্য উৎপাদন এবং বর্জ্যের প্রকার ........ 17
বর্জ্য ব্যবস্থাপনা ........ 17
বর্জ্য সম্পর্কিত আলোচনা ........ 19
পর্যবেক্ষণ এবং মতামত জানানো ........ 19

5. শক্তি ব্যবস্থাপনা ........ 23

আপনার কার্বন ফুটপ্রিন্ট পরিমাপ করুন এবং বিষয়টির উপর নজর দিন ........ 23
শক্তি ব্যবস্থাপনা পরিকল্পনা ........ 23

6. খাদ্য ব্যবস্থাপনা ........ 26

7. জলের ব্যবস্থাপনা ........ 29

8. ভ্রমণ পরিকল্পনা ........ 31

সর্বোত্তম ভ্রমণ অনুশীলন ........ 32
ওয়ার্ল্ড অ্যাথলেটিক্স-এর দপ্তরে যাওয়ার জন্য গণপরিবহন মাধ্যমের উদাহরণ 34

9. বাসস্থান ........ 36

10. কার্বনের ভারসাম্য বজায় রাখা ........ 38

11. বায়ুর গুণমান ........ 40

12. বৈচিত্র্য, উপলভ্যতা ও অন্তর্ভুক্তি ........ 44

13. স্বাস্থ্য ও নিরাপত্তা এবং সুস্থতা ........ 46

14. ডিজিটাল, IP অধিকার ও ডেটা সুরক্ষা ........ 49

15. পর্যবেক্ষণ এবং মতামত জানানো ........ 51

16. যোগাযোগ ........ 52

যোগাযোগের লক্ষ্য ........ 52
বিভিন্ন স্টেকহোল্ডারদের গ্রুপের জন্য যোগাযোগের পদ্ধতি। ........ 54

## নথির সংস্করণ নিয়ন্ত্রণ

ওয়ার্ল্ড অ্যাথলেটিক্স-এর পক্ষ থেকে আর্থ টু ওশান (Earth to Ocean) এই নথির খসড়া প্রস্তুত করেছে, যাতে তাদের অভ্যন্তরীণ অনুষ্ঠান আয়োজক দল ও স্থানীয় আয়োজক কমিটি তাদের বিভিন্ন অনুষ্ঠান জুড়ে স্থায়িত্ব বাস্তবায়নের জন্য ব্যবহার করতে পারে।

| সর্বশেষ তথ্যভুক্তির তারিখ | সর্বশেষ তথ্য | যার দ্বারা সংযোজিত হয়েছে |
|---|---|---|
| নভেম্বর 2021 | প্রাথমিক সংস্করণ চূড়ান্ত করা হয়েছে | BR/ST |

# 1. আমাদের সুস্থায়িত্বের প্রতিশ্রুতি

সারা বিশ্বজুড়ে আয়োজিত বিভিন্ন খেলাধূলার অনুষ্ঠান ও মোনাকোতে অবস্থিত সদর দপ্তর সুস্থায়িত্বের নীতিগুলির সাথে সম্পূর্ণরূপে সংযুক্ত, তা নিশ্চিত করতে ওয়ার্ল্ড অ্যাথলেটিক্স প্রতিশ্রুতিবদ্ধ। বিশ্ব আজ যে ক্রমবর্ধমান পরিবেশগত প্রতিকূল পরিস্থিতির মুখোমুখি হচ্ছে, বিশেষ করে বায়ু দূষণ, জলবায়ু পরিবর্তন এবং আমাদের সম্পদ ও উপকরণের অতিরিক্ত ব্যবহার, যা পরিবেশে নির্বিচারে প্রভাব ফেলছে এবং বৈশ্বিক সমতা ও বৈচিত্র্যের সামাজিক সমস্যা, যা অসম সুযোগ তৈরি করে— এগুলিকে ও এরকম সমধর্মী বিষয়কে এর মাধ্যমে স্বীকৃতি জানানো হয়। এই সমস্ত বৈশ্বিক সমস্যাগুলি আমাদের জীবন ও সম্প্রদায়ের স্বাভাবিকতায় গুরুতর বিপদ ডেকে আনে।

খেলোয়াড়দের মধ্যে সুস্থায়িত্বের মাধ্যমে বোঝানো হয় যে, খেলাধূলার সঙ্গে যুক্ত ব্যক্তি ও সংস্থাগুলির অনুশীলন ও আচরণগুলিকে এমনভাবে চালিত করা, যাতে এটি:

- ভবিষ্যত প্রজন্মের চাহিদার প্রতি দায়বদ্ধ থাকে,
- যুক্তিপূর্ণ নৈতিক নীতির ভিত্তিতে খেলাধূলার একটি ন্যায্য ও সমান সুযোগবিশিষ্ট প্ল্যাটফর্ম প্রদান করে,
- সক্রিয়ভাবে আগ্রহী পক্ষগুলিকে জড়িত করে এবং সিদ্ধান্ত ও কার্যক্রমের ব্যাপারে উদার মনোভাব বজায় রাখে এবং
- নিশ্চিত করে যে, পদক্ষেপগুলি যেন সেগুলির সামাজিক, অর্থনৈতিক ও পরিবেশগত প্রভাবের ক্ষেত্রে ভারসাম্য বজায় রেখে গ্রহণ করা হয়।

সুস্থায়িত্ব বলতে আমরা আমাদের কাজকর্মের অর্থনৈতিক, সামাজিক ও পরিবেশগত প্রভাবের ভারসাম্য বোঝাতে চাই, যার মাধ্যমে আমরা ভবিষ্যৎ প্রজন্মের চাহিদার সাথে আপস না করে বর্তমান প্রজন্মের চাহিদা পূরণ করতে পারি। সুস্থ পরিবেশ সুস্থ সমাজের ভিত্তি, যা স্থিতিস্থাপক অর্থনীতিকে ন্যায্যতা দেয়।

## আমাদের দর্শন

*সুস্থায়িত্বের ক্ষেত্রে আমাদের লক্ষ্য হল সর্বোত্তম সুস্থায়ী অনুষ্ঠান আয়োজনের মাধ্যমে নেতৃস্থানীয় আন্তর্জাতিক ক্রীড়া সংস্থায় পরিণত হওয়া*

## আমাদের লক্ষ্য

পরিবেশগত, সামাজিক ও অর্থনৈতিক– সুস্থায়িত্বের এই তিনটি স্তম্ভ জুড়ে পরিমাপযোগ্য সুবিধা প্রদানের জন্য ওয়ার্ল্ড অ্যাথলেটিক্স ও এর অংশীদার সংস্থাগুলির প্রাথমিক কাঠামো রয়েছে, তা সুস্থায়িত্বের বলিষ্ঠ কৌশল প্রয়োগ করার মাধ্যমে নিশ্চিত করা হয়। মূল সুবিধাগুলির মধ্যে রয়েছে:

- খেলাধূলার সামাজিক ও পরিবেশগত ঝুঁকির কারণগুলির আরও ভাল পরিচালনা;
- খেলাধূলাকে উপকৃত করার সুযোগ শনাক্তকরণ এবং স্টেকহোল্ডারদের বৃহত্তর গোষ্ঠীকে জড়িত করা;
- সরবরাহকারী সংস্থানগুলির আরও সুদক্ষ ব্যবহার, যার ফলে পরিচলন খরচ কমে ও খেলাধূলায় বৃহত্তর বিনিয়োগের সুযোগ গড়ে ওঠে;
- স্থানীয় সম্প্রদায়কে উল্লেখযোগ্য অর্থনৈতিক, সামাজিক ও পরিবেশগত সুবিধা করে দিতে অংশীদারিত্বের ব্যাপক সক্রিয়করণ প্ল্যাটফর্ম।

সুস্থায়িত্ব সংক্রান্ত কৌশলের মাধ্যমে সুস্থায়ী ভবিষ্যতের দিকে খেলাধূলাকে ত্বরান্বিত করা ও উন্নত বিশ্ব গঠনে অবদান রাখার ক্ষেত্রে ওয়ার্ল্ড অ্যাথলেটিক্স-এর প্রতিশ্রুতি নির্ধারিত হয়। এর কারণে কয়েক ক্ষেত্রে 'চলমান ও অপরিবর্তনীয় ব্যবসা'-কে পরিবর্তিত করতে হবে, আবার কয়েক ক্ষেত্রে প্রভাব ও সবিস্তার বিবরণে পরিবর্তন আনার প্রয়োজন হবে এবং অন্যদিকে পরিমাপযোগ্য পরিবর্তন প্রদান করতে অংশীদারিত্বের বিকাশ ঘটাতে হবে।

## বিশ্বব্যাপী উদ্যোগ

পরিমাপযোগ্যতা প্রদান করতে, আমরা আমাদের কৌশলটি জাতিসংঘের সুস্থায়ী উন্নয়ন লক্ষ্যমাত্রা (UN-SDGs বা বৈশ্বিক লক্ষ্য), UN জলবায়ু পরিবর্তন (UNCC)-এর ক্লাইমেট অ্যাকশন ফ্রেমওয়ার্ক, UN পরিবেশ দূষণমুক্ত বায়ু এবং IOC সুস্থায়িত্বের ফ্রেমওয়ার্কের বৈশ্বিক উদ্যোগের সাথে সুসামঞ্জস্যপূর্ণ করেছি।

সুস্থায়ী উন্নয়নের ক্ষেত্রে জাতিসংঘের 2030 আলোচ্যসূচির মাধ্যমে বর্তমানে ও ভবিষ্যতে মানুষ ও বিশ্বের শান্তি ও সমৃদ্ধির একটি শেয়ার করা প্রতিচিত্র পাওয়া যায়। এর কেন্দ্রস্থলে রয়েছে সুস্থায়ী উন্নয়নের (SDG) 17টি লক্ষ্য, যা বৈশ্বিক অংশীদারিত্বে থাকা উন্নত ও উন্নয়নশীল সমস্ত দেশের তরফে পদক্ষেপ গ্রহণের জরুরী আহ্বান। এগুলির মাধ্যমে স্বীকার করা হয় যে, স্বাস্থ্য ও শিক্ষার উন্নতি ঘটানো, বৈষম্য কমানো এবং অর্থনৈতিক প্রবৃদ্ধিকে উৎসাহিত করার উপযোগী কৌশলের সাথে হাতে হাত মিলিয়ে দারিদ্র্য ও অন্যান্য বঞ্চনার অবসান ঘটাতে হবে, এর পাশাপাশি জলবায়ু পরিবর্তন নিয়ন্ত্রণ করতে হবে এবং মহাসাগর ও বনাঞ্চল সংরক্ষণের জন্য আমাদের উদ্যোগী হতে হবে।

অলিম্পিক এজেন্ডা 2020 হল অলিম্পিক আন্দোলনের ভবিষ্যৎ গড়ে তুলতে IOC-এর কৌশলগত রোডম্যাপ। 40টি সুপারিশ এক ধরনের ধাঁধার মতো, যেগুলিকে একত্রিত করলে এমন একটি চিত্র তৈরি হয়, যা থেকে জানা যায় যে, IOC অলিম্পিক গেমসের স্বতন্ত্রতা রক্ষা করছে এবং সমাজে খেলাধুলার ব্যাপারে বেশি করে উৎসাহিত করছে। IOC অলিম্পিক আন্দোলনের মাধ্যমে জাতিসংঘের সুস্থায়ী উন্নয়ন লক্ষ্যমাত্রা (SDG) প্রদানে সহায়তা করতে প্রতিশ্রুতিবদ্ধ, যা 17টি SDG-এর মধ্যে 11টি অর্জন করার মাধ্যমে সম্পন্ন হয়।

## আমাদের সুস্থায়িত্বের কৌশল

আমরা আমাদের সুস্থায়িত্বের কৌশল প্রদানের মাধ্যমে আমাদের লক্ষ্যগুলি অর্জন করব, যা ছয়টি সুস্থায়িত্বের অগ্রাধিকার ও সংশ্লিষ্ট উদ্দেশ্যগুলির উপর ভিত্তি করে তৈরি। এগুলি নিচে দেখানো হল:

| মূল অগ্রাধিকার | | উদ্দেশ্য |
|---|---|---|
| 1 | নেতৃত্ব ও সুস্থায়িত্ব | খেলাধুলার স্থায়িত্বের স্বীকৃত পরিচালক হতে হবে |
| 2 | সুস্থায়ী উৎপাদন ও ব্যবহার | ইতিবাচকভাবে আহরণের প্রভাব পরিচালনা করতে হবে |
| 3 | জলবায়ু পরিবর্তন ও কার্বন | 2030 সালের মধ্যে পরিবেশে কার্বনের ভারসাম্য নিয়ে আসতে হবে |
| 4 | স্থানীয় পরিবেশ ও বায়ুর গুণমান | পরিবেশগত অবস্থা নিশ্চিত করতে হবে, যাতে মানুষজন নিরাপদে অংশগ্রহণ করতে পারে |
| 5 | বৈশ্বিক সমতা | সারা বিশ্ব জুড়ে যৌক্তিকভাবে দক্ষতা ভাগ করে নিতে হবে |
| 6 | বৈচিত্র্য, অ্যাক্সেসযোগ্যতা ও সুস্থতা | খেলাধুলা সবার জন্য উন্মুক্ত, তা নিশ্চিত করতে হবে |

*তালিকা 1: ওয়ার্ল্ড অ্যাথলেটিক্স-এর সুস্থায়িত্বের অগ্রাধিকার ও সংশ্লিষ্ট উদ্দেশ্য*

### 1. খেলাধুলায় নেতৃত্ব

তাদের ক্রিয়াকলাপের দায় স্বীকার করে এবং সুস্থায়ী কৌশল বিকাশ ও বাস্তবায়নের ক্ষেত্রে প্রতিশ্রুতিবদ্ধ হয়ে, ওয়ার্ল্ড অ্যাথলেটিক্সকে আরও সুস্থায়ী ভবিষ্যতের দিকে এগিয়ে যাওয়াতে সক্রিয়ভাবে গুরুত্ব আরোপ করে এবং প্রযুক্তি, অনুষ্ঠান ও সাধারণ ক্রিয়াকলাপ জুড়ে সম্ভাব্য সবকিছুকে বিবেচনা করে সর্বসম্মত নেতৃত্ব প্রদর্শন করতে হবে। সুস্থায়িত্বকে গুরুত্ব দেওয়া আন্তর্জাতিক ফেডারেশনের সক্ষমতার পরিসর অনেক ব্যাপ্ত এবং ওয়ার্ল্ড চ্যাম্পিয়নশিপ অনুষ্ঠানের অনুমতি, লাইসেন্সিং এবং স্থান নির্বাচন ও প্রত্যাশিত মূল্য নির্ধারণের বিদ্যমান ব্যবস্থার মাধ্যমে অর্জন করা যেতে পারে।

## 2. সুস্থায়ী উৎপাদন ও ব্যবহার

উৎপাদন থেকে মেয়াদ উত্তীর্ণ হওয়া অব্দি উপকরণের সর্বোত্তম ব্যবহার, বর্জ্য হ্রাস এবং সরবরাহ শৃঙ্খল সংক্রান্ত সমস্যাগুলির ব্যবস্থাপনা সুস্থায়িত্বের সবচেয়ে কার্যকর আলোচ্য বিষয়ের মধ্যে একটি হতে পারে। এটি পণ্য ও পরিষেবাগুলির ক্ষেত্রে প্রযোজ্য সুস্থায়ী আহরণ নীতির বিকাশ ও বাস্তবায়নের মাধ্যমে শুরু হয়। সুস্থায়ী লক্ষ্যগুলি সরবরাহ করতে সক্ষম সরবরাহকারীদের শনাক্তকরণ গুরুত্বপূর্ণ।

ওয়ার্ল্ড অ্যাথলেটিক্স-এ বর্জ্য ব্যবস্থাপনাকে খেলাধুলার অন্যতম গুরুত্বপূর্ণ বিষয় হিসেবে চিহ্নিত করা হয়েছিল। প্লাস্টিকের স্থায়িত্বের সমস্যা এবং আমাদের একক ব্যবহারের সংস্কৃতিকে আহরণ পর্যায়ে উপাদান নির্দিষ্টকরণের মাধ্যমে নিয়ন্ত্রণ করা দরকার। তবে, এটি বিভিন্ন স্থানে বর্জ্য ব্যবস্থাপনা সম্ভাবনার সাথে সামঞ্জস্যপূর্ণ করা প্রয়োজন।

বর্জ্য ব্যয়বহুল এবং অনেক ক্ষেত্রে অপ্রয়োজনীয়। আহরণের সময় জিজ্ঞাসা করা দরকার যে, পণ্যটি কোথায় উৎপাদিত হয়েছে, উৎপাদন ও ব্যবহারে এর প্রভাব কী এবং কীভাবে এটি নিষ্পত্তি করা হবে, বা এটি পুনরায় ব্যবহার করা যেতে পারে কিনা।

সুস্থায়ী আহরণের মূল ক্ষেত্রগুলি হল অনুষ্ঠানের অস্থায়ী কাঠামো, সরঞ্জাম ও পোশাক, শক্তি ও ক্ষমতা, খাদ্যের উত্স, ভ্রমণ ও পরিবহন এবং অনুষ্ঠান আয়োজনের স্থান/স্টেডিয়াম।

## 3. জলবায়ু পরিবর্তন ও কার্বন

বিশ্বব্যাপী কার্বনের দ্রুত নির্গমন দ্বারা চালিত জলবায়ু পরিবর্তন ইতোমধ্যে আমাদের জীবনকে প্রভাবিত করে চলেছে। অ্যাথলেটিক্স হল এক ধরনের বৈশ্বিক খেলা, যেখানে অনেক উচ্চ-স্তরের ক্রীড়াবিদ এমন অঞ্চল থেকে আসেন, যেসব অঞ্চল জলবায়ু পরিবর্তনের দ্বারা সবচেয়ে বেশি প্রভাবিত হবে, উদাহরণস্বরূপ, খাদ্য নিরাপত্তায় প্রভাব পড়বে। অ্যাথলেটিক্স, বিশেষ করে প্রধান ওয়ার্ল্ড চ্যাম্পিয়নশিপ অনুষ্ঠানগুলির মাধ্যমে উল্লেখযোগ্য কার্বন নির্গমন ঘটে এবং একই সাথে কার্বনে পরিমাণ কম থাকা আবশ্যক অর্থনীতির দিকে উল্লেখযোগ্য পরিবর্তনকে অনুপ্রাণিত করতে পারে। এই নির্গমনগুলি ভ্রমণ, অনুষ্ঠানগুলিতে অস্থায়ী শক্তি উৎস, স্টেডিয়াম ও আয়োজক স্থানে শক্তি খরচ এবং সেইসাথে সরঞ্জাম উত্পাদনের ক্ষেত্রে ঘটে থাকে।

ওয়ার্ল্ড অ্যাথলেটিক্স-এর ব্যবসায়িক কার্যক্রমের ক্ষেত্রে সমস্ত স্টেকহোল্ডারদের প্রশিক্ষণ, প্রতিযোগিতা বা মিটিং/সম্মেলন ইত্যাদি যেকোনও কারণে প্রচুর অভ্যন্তরীণ বা বাহ্যিক উভয় প্রকার ভ্রমণ করার দরকার পড়ে। যদিও ভ্রমণ খেলাধুলার মাধ্যমে মানুষকে একত্রিত করার ক্ষেত্রে অপরিহার্য, তবে ভ্রমণ-সম্পর্কিত কার্বন নিঃসরণ খেলাধুলার সাথে যুক্ত প্রধান পরিবেশগত প্রভাবগুলির মধ্যে একটিকে উপস্থাপন করে।

সক্রিয়ভাবে পরিচালনা করার জন্য কার্বন নির্গমনের 5টি প্রধান ক্ষেত্র হল:

1. ভ্রমণ, বাসস্থান ও পরিবহন
    - ওয়ার্ল্ড অ্যাথলেটিক্স-এর কর্মী/ আধিকারিক, ক্রীড়াবিদ, প্রশিক্ষকদের প্লেনে চেপে ভ্রমণ
    - সরকারি গাড়ি ও গণপরিবহন সহ স্থল পরিবহন
    - বাসস্থান
    - পরিবাহিত মাল
2. শক্তি খরচ
    - স্থায়ী ও অস্থায়ী স্থানে এবং সদর দফতর/অফিসে ব্যবহৃত অস্থায়ী শক্তি উৎস, উত্তাপকরণ, আলো দেওয়া, শীতলকরণ ও বিদ্যুৎ
3. সংস্থান
    - সুস্থায়ী উৎপাদন ও খরচের গুরুত্বপূর্ণ ক্ষেত্রে বিবেচনা করা হয়
4. খাদ্য ও পানীয়
    - সুস্থায়ী উৎপাদন ও খরচের গুরুত্বপূর্ণ ক্ষেত্রে বিবেচনা করা হয়
5. বর্জ্য
    - সুস্থায়ী উৎপাদন ও খরচের গুরুত্বপূর্ণ ক্ষেত্রে বিবেচনা করা হয়

## 4. স্থানীয় পরিবেশ ও বায়ুর গুণমান

বায়ু দূষণ স্বাস্থ্য ও জলবায়ু উভয়ের ক্ষেত্রে বড়ো হুমকিস্বরূপ। বিশ্ব স্বাস্থ্য সংস্থার নতুন তথ্য থেকে জানা যায় যে, 10 জনের মধ্যে 9 জন মানুষ উচ্চ মাত্রার দূষণযুক্ত বায়ুতে শ্বাস নেয়, যার 90%-এরও বেশি বায়ুদূষণ সম্পর্কিত মৃত্যু নিম্ন

ও মধ্যম আয়ের দেশগুলিতে, প্রধানত এশিয়া এবং আফ্রিকায় ঘটে। অনুমান করা হয় যে, বায়ু দূষণের কারণে ফুসফুস ও কার্ডিওভাসকুলার সিস্টেমের গভীরে প্রবেশকারী দূষিত বাতাসের সূক্ষ্ম কণার সংস্পর্শে এসে প্রতি বছর প্রায় 7 মিলিয়ন মানুষ মারা যায়। এই কারণে স্ট্রোক, হৃদরোগ, ফুসফুসের ক্যান্সার, ক্রনিক অবস্ট্রাকটিভ পালমোনারি ডিজিজ ও নিউমোনিয়ার মতো শ্বাসযন্ত্রের সংক্রমণ জনিত রোগ ঘটে থাকে।

বায়ুর গুণমান পৃথিবীর জলবায়ু ও বিশ্বব্যাপী বাস্তুতন্ত্রের সাথে ঘনিষ্ঠভাবে জড়িত। বায়ু দূষণের অনেক চালক (যেমন, জীবাশ্ম জ্বালানীর দহন) উষ্ণ $CO_2$ নির্গমনের উৎস। কয়েকটি বায়ু দূষক, যেমন ওজোন ও কালো কার্বন হল স্বল্পস্থায়ী জলবায়ু দূষক, যা জলবায়ু পরিবর্তনে ব্যাপকভাবে অবদান রাখে এবং কৃষি উৎপাদনশীলতাকে প্রভাবিত করে।

বায়ু দূষণ কমানোর উপযোগী পদক্ষেপ ও নীতিগুলির মাধ্যমে জলবায়ু ও স্বাস্থ্য উভয়ের জন্য একটি "সন্তোষজনক" কৌশল উপস্থাপন করা হয়, যা বায়ু দূষণের কারণে হওয়া রোগের প্রাদুর্ভাব কমায়, সেইসাথে জলবায়ু পরিবর্তনের স্বল্পস্থায়ী ও দীর্ঘমেয়াদী প্রশমনে অবদান রাখে।

ওয়ার্ল্ড অ্যাথলেটিক্স-এর মালিকানাধীন ওয়ার্ল্ড অ্যাথলেটিক্স সিরিজ - WAS - অনুষ্ঠান এবং ওয়ার্ল্ড অ্যাথলেটিক্স অনুমোদিত অনুষ্ঠানগুলি প্রায়শই উল্লেখযোগ্য স্থানীয় ট্র্যাফিক ব্যাঘাত ঘটায়, যার ফলস্বরূপ বায়ুর গুণমানে সমস্যা বাড়তে পারে। বুদ্ধিদীপ্ত পরিকল্পনা ও বায়ুর গুণমান উন্নত করার উদ্যোগের একীকরণের মাধ্যমে, ওয়ার্ল্ড অ্যাথলেটিক্স ক্রীড়াবিদ, ওয়ার্ল্ড অ্যাথলেটিক্স-এর সদস্য, অনুরাগী ও স্থানীয় সম্প্রদায়ের জন্য স্বাস্থ্যকর পরিবেশ প্রচার ও রক্ষা করতে পারে।

বিশ্বজুড়ে অর্ধ বিলিয়নেরও বেশি দৌড়বিদদের অনানুষ্ঠানিক নেটওয়ার্ক বিশিষ্ট ওয়ার্ল্ড অ্যাথলেটিক্স বায়ু দূষণের কারণে স্বাস্থ্যের ওপরে পড়া প্রভাব সম্পর্কে বিশ্বব্যাপী সচেতনতা প্রচারের জন্য এক অনন্য অবস্থানে রয়েছে।

## 5. বৈশ্বিক সমতা

ওয়ার্ল্ড অ্যাথলেটিক্স-এর অন্যতম প্রধান মূল্যবোধ বিশ্বজনীনতার সঙ্গে সুসামঞ্জস্য বজায় রেখে, প্রত্যেকের অ্যাথলেটিক্সে অংশগ্রহণের সুযোগ রয়েছে কিনা, তা নিশ্চিত করা ওয়ার্ল্ড অ্যাথলেটিক্স-এর দায়িত্বের মধ্যে পড়ে। এটি সকল ব্যক্তির ক্ষেত্রে এবং এছাড়া, অনুষ্ঠানগুলিতে ওয়ার্ল্ড অ্যাথলেটিক্স সমর্থন ও স্বীকৃতি সুরক্ষিত করার সুযোগ পেতে সদস্য ফেডারেশনের সক্ষমতার ক্ষেত্রেও প্রযোজ্য। বৈশ্বিক বৈষম্যের ব্যবধান বন্ধ করার জন্য আহরণ, পরামর্শদান, দক্ষতা তৈরির মাধ্যমে এই সুযোগটি তাৎপর্য বহন করে।

ওয়ার্ল্ড অ্যাথলেটিক্স "উন্নত বিশ্বের জন্য অ্যাথলেটিক্স" ব্যবহার করে নেতৃত্ব দিতে পারে, যাতে স্টেকহোল্ডাররা স্বাস্থ্য, পরিবেশ, সামাজিক অন্তর্ভুক্তি ও শান্তির ক্ষেত্রে প্রকল্পগুলির সমন্বয়কে কেন্দ্রীভূত করে তাদের নিজস্ব কাজের মূল্য যোগ করতে পারে।

## 6. বৈচিত্র্য অ্যাক্সেসযোগ্যতা ও সুস্থতা

ওয়ার্ল্ড অ্যাথলেটিক্স দীর্ঘকাল ধরে প্রতিযোগিতায় সমান অ্যাক্সেস দেওয়ার ক্ষেত্রে এক শীর্ষস্থানীয় আন্তর্জাতিক ফেডারেশন। ওয়ার্ল্ড অ্যাথলেটিক্স 2027 সালের মধ্যে তার কাউন্সিলে সমান লিঙ্গ প্রতিনিধিত্ব করার ব্যাপারে প্রতিশ্রুতিবদ্ধ এবং এটি অর্জনের জন্য একটি রোডম্যাপ রয়েছে। এইভাবে এটি লিঙ্গ সমতার পথপ্রদর্শন করছে।

যদিও অনেক জাতীয়তা, শারীরবৃত্ত, লিঙ্গ, জাতি এবং ধর্ম খেলাধুলার মধ্যে উদযাপন করা হয়, তবুও প্রযুক্তিগত কর্মকর্তা, রেফারি, বিচারক প্রমুখদের বিশেষত খেলাধুলার মধ্যে ধরে রাখা ও অগ্রগতির ক্ষেত্রে ভারসাম্যহীনতা রয়ে গেছে। অংশগ্রহণমূলক বর্ণালীর উভয় প্রান্তে প্রোগ্রামগুলি চালু থাকা অবস্থায়, ওয়ার্ল্ড অ্যাথলেটিক্সকে অবশ্যই ক্রীড়া জগতের বৈচিত্র্য অর্জনের জন্য উদ্ভাবন চালিয়ে যেতে হবে, খেলাধুলার মধ্যে ধরে রাখার উপর মনোযোগ কেন্দ্রীভূত করতে হবে, প্রযুক্তিগত কর্মকর্তাসহ খেলাধুলার পরিচালনায় একটি সু-সাংকেতিক, অন্তর্ভুক্তিমূলক পথ তৈরি করতে হবে।

খেলাধুলার মধ্যে লিঙ্গ ভারসাম্যহীনতার স্বীকৃতি জানিয়ে এবং তৃণমূল স্তরের অংশগ্রহণ থেকে শুরু করে প্রশাসন ও শাসনব্যবস্থা পর্যন্ত সকল স্তরে মোকাবেলা করার জন্য উত্সাহ দেওয়ার মাধ্যমে, ওয়ার্ল্ড অ্যাথলেটিক্স ক্রীড়া বিশ্ব জুড়ে সমতা ও অন্তর্ভুক্তির সমস্যাগুলিকে নিয়ন্ত্রণ করে চলেছে।

ওয়ার্ল্ড অ্যাথলেটিক্স-এর যত্নের দায়িত্ব সরাসরি ওয়ার্ল্ড অ্যাথলেটিক্স পরিবারের বাইরেও প্রযোজ্য, যা অ্যাথলেটিক্সের সাথে অংশগ্রহণ ও ব্যস্ততার সঙ্গে সম্পর্কিত।

এটি স্বেচ্ছাসেবক ও ক্রীড়া অবকাঠামো নির্মাণকারী নির্মাণ শ্রমিকদের ক্ষেত্রেও প্রযোজ্য, যারা অ্যাথলেটিকস সংস্থা ও অনুষ্ঠানগুলিতে পণ্য ও পরিষেবা সরবরাহকারী জোগানদারদের হয়ে কাজ করে। কাজের কারণে মানুষের জীবন বা স্বাস্থ্যকে ঝুঁকিতে ফেলা উচিত নয়, অথবা বৈষম্য, জোরপূর্বক শ্রম বা অন্যান্য অপমানজনক অনুশীলনের শিকার হওয়া উচিত নয়।

ওয়ার্ল্ড অ্যাথলেটিক্স ন্যায্য, নিরাপদ, স্বাস্থ্যকর ও বৈষম্যহীন কাজের পরিবেশ বজায় রাখতে প্রতিশ্রুতিবদ্ধ। এইভাবে প্রশিক্ষণ, শিক্ষার অ্যাক্সেসযোগ্যতা প্রচার এবং ইতিবাচক কর্ম-জীবনের ভারসাম্যকে উত্সাহিত করা হয়।

ভূগোল, রাজনীতি ও ধর্ম নির্বিশেষে, সকলেরই সব স্তরে ক্রীড়ায় কৃতিত্ব অর্জনের জন্য উপযুক্ত পরিবেশে শারীরিক নির্যাতনের ভয় ছাড়াই অ্যাথলেটিক্সে অংশগ্রহণ করতে সক্ষম হওয়ার সমান অধিকার রয়েছে। ওয়ার্ল্ড অ্যাথলেটিক্স সদস্য ফেডারেশনগুলির মাধ্যমে সর্বোত্তম অনুশীলন নির্দেশিকা ও অনুশীলনের প্রভাব সরবরাহ করবে, যাতে দৌড়ানো, লাফ দেওয়া এবং নিক্ষেপ সর্বজনীনভাবে উপভোগ করা যায়।

## সর্বোত্তম অনুশীলনের নির্দেশিকার ব্যবহার

এই সুস্থায়ীভাবে অনুষ্ঠান পরিচালনা ব্যবস্থার সর্বোত্তম অনুশীলনের নির্দেশিকাটি সুস্থায়িত্বের বিষয়গুলিতে বিভক্ত "প্ল্যান, ডু, চেক, অ্যাক্ট" ফ্রেমওয়ার্কের সাথে সুসামঞ্জস্যপূর্ণ করে একটি স্বচ্ছ সম্পাদনযোগ্য চেকলিস্ট প্রদানের জন্য তৈরি করা হয়েছে। অনুষ্ঠানের সামগ্রিক দায়িত্ব যাদের রয়েছে, তাদের সমস্ত প্রাসঙ্গিক আইন ও প্রয়োজনীয় সর্বোত্তম অনুশীলনের পদক্ষেপের সাথে পরিচিত হওয়া উচিত, অনুষ্ঠান সম্পাদনকারী দলকে একটি নতুন "স্বাভাবিক ব্যবসা"-এর সাথে খাপ খাইয়ে নিতে সহায়তা করা উচিত এবং অনুষ্ঠান পরিকল্পনা ও সম্পাদনের সমস্ত দিকগুলিতে সর্বোত্তম অনুশীলন অন্তর্ভুক্ত করা উচিত। প্রতিটি বিভাগ আলাদা করে দলের সদস্যদের মধ্যে যথাযথভাবে ভাগ করে দেওয়া যেতে পারে এবং এইভাবে সর্বোত্তম অনুশীলন অনুসারে দায়িত্বের সাথে তাদের ভূমিকা সম্পাদনের জন্য তাদের ক্ষমতায়ন করে। ওয়ার্ল্ড অ্যাথলেটিক্স দ্বারা শনাক্ত করা সুস্থায়িত্বের অগ্রাধিকারগুলির প্রতিটির সাথে কোন সর্বোত্তম অনুশীলন সুসামঞ্জস্যপূর্ণ, সে ব্যাপারে তালিকা 2-এ তথ্য দেওয়া আছে।

শুরু করার আগে আপনাকে সুস্থায়িত্ব সংক্রান্ত চার ভাগে বিভক্ত ওয়ার্ল্ড অ্যাথলেটিক্স ই-লার্নিং মডিউলটি সম্পূর্ণ করার সুপারিশ করা হচ্ছে, যা এখানে পাওয়া যাবে। বিনামূল্যে নিবন্ধন করুন। নিবন্ধন ও লগইন-এর পরে, এই লিঙ্কে ক্লিক করে সরাসরি প্রবেশ করুন।

# ওয়ার্ল্ড অ্যাথলেটিক্স: সুস্থায়ীভাবে অনুষ্ঠান পরিচালনা সর্বোত্তম অনুশীলনের নির্দেশিকা

*তালিকা 2: ওয়ার্ল্ড অ্যাথলেটিক্স-এর সুস্থায়িত্বের অগ্রাধিকারকে গুরুত্ব দেওয়া সর্বোত্তম অনুশীলনের বিষয়*

| | | সর্বোত্তম অনুশীলনের বিষয় | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| **সুস্থায়িত্বের অগ্রাধিকার** | সুস্থায়িত্ব পরিকল্পনা গড়ে তোলা | সুস্থায়ী আহরণ | বর্জ্য | শক্তি | খাদ্য | জল | ভ্রমণ | বাসস্থান | কার্বনের ভারসাম্য বজায় রাখা | অ্যাক্সেসযোগ্যতা ও অন্তর্ভুক্তি | স্বাস্থ্য ও নিরাপত্তা এবং সুস্থতা | ডিজিটাল, IP অধিকার ও ডেটা সুরক্ষা | পর্যবেক্ষণ এবং মতামত জানানো | যোগাযোগ |
| **নেতৃত্ব ও সুস্থায়িত্ব** | * | * | * | * | * | * | * | * | * | * | * | * | * | * |
| **সুস্থায়ী উৎপাদন ও ব্যবহার** | * | * | * | * | * | * | | * | * | | | | * | * |
| **জলবায়ু পরিবর্তন ও কার্বন** | * | * | * | * | * | * | * | * | * | | | | * | * |
| **স্থানীয় পরিবেশ ও বায়ুর গুণমান** | * | * | * | * | | | | * | * | | | | * | * |
| **বৈশ্বিক সমতা** | * | * | | | | | | | * | * | | | * | * |
| **বৈচিত্র্য, অ্যাক্সেসযোগ্যতা ও সুস্থতা** | * | * | | | * | * | | * | * | * | * | * | * | * |

## 2. আপনার সুস্থায়িত্ব পরিকল্পনা গড়ে তোলা

যেকোনও অনুষ্ঠান আয়োজনের একেবারে শুরুতেই আপনার সুস্থায়িত্ব পরিকল্পনা গড়ে তুলতে হবে। কয়েকটি সহজ পদক্ষেপ নিতে হবে, যার মাধ্যমে আপনি আপনার উচ্চাকাঙ্ক্ষার মাত্রা, আপনার সুযোগ, দ্রুত সাফল্য পাওয়ার সম্ভাবনা বুঝতে এবং সুস্থায়ীভাবে ঝুঁকি পরিচালনা করতে পারবেন।

আপনার পরিকল্পনা গড়ে তোলার ধাপ:

1) আপনার ক্রিয়াকলাপ ও এগুলির ফলে হওয়া সুস্থায়িত্বের প্রভাবগুলি শনাক্ত করুন
2) ওয়ার্ল্ড অ্যাথলেটিক্স, সম্ভাব্য বাণিজ্যিক অংশীদার, আয়োজক শহর, ক্রীড়াবিদ, গুণমুগ্ধ, কর্মী প্রভৃতি সহ আপনার মূল স্টেকহোল্ডার ও অনুষ্ঠানে তাদের প্রত্যাশা শনাক্ত করুন
3) প্রভাব ও ঝুঁকির স্তর, মূল স্টেকহোল্ডারদের ব্যাপারে আপনার প্রত্যাশা বিবেচনা করার মাধ্যমে আপনার অগ্রাধিকারকে সুনিশ্চিত করুন
4) লক্ষ্য সুস্পষ্ট করুন – অনুষ্ঠানটির মাধ্যমে কী ধরনের সামাজিক বা পরিবেশগত প্রভাব পড়বে বলে আপনি প্রত্যাশা করেন?
5) সুস্পষ্ট লক্ষ্য ও অগ্রাধিকার সংক্রান্ত চিহ্নিত সমস্যাকে মাথায় রেখে, আপনার পরিমাপযোগ্য উদ্দেশ্য ও লক্ষ্যগুলি নির্ধারণ করুন, যার মাধ্যমে এই উদ্দেশ্যগুলি প্রচারের জন্য সমস্যা শনাক্ত করার পাশাপাশি সমাধানেরও দিশা দেখানো যায়।
6) আপনার লক্ষ্যের বিপরীতে পরিচালনা ভিত্তিক পরিমাপ, নিরীক্ষণ ও মূল্যায়ন

এই নথিতে দেওয়া নির্দেশিকার সাহায্যে আপনি আপনার অনুষ্ঠান পরিচালনার সময় সম্মুখীন হতে চলা সুস্থায়িত্বের প্রধান সমস্যাগুলি শনাক্ত, মূল্যায়ন ও সমাধান করতে পারবেন।

ওয়ার্ল্ড অ্যাথলেটিক্স-এর মূল অগ্রাধিকারগুলি নিয়ে আলোচনা হওয়া উচিত, যেমন:

- নেতৃত্ব – যোগাযোগ ও পক্ষসমর্থন
- কার্বন ব্যবস্থাপনা – হ্রাস ও ভারসাম্য বজায় রাখা
- সুস্থায়ী আহরণ ও বর্জ্য ব্যবস্থাপনা
- স্থানীয় পরিবেশ ও বায়ুর গুণমানের প্রভাব
- বৈচিত্র্য, অ্যাক্সেসযোগ্যতা ও সুস্থতা – ক্রীড়াবিদ, কর্মী ও গুণমুগ্ধ
- বৈশ্বিক সমতা – অন্তর্ভুক্তি ও সক্ষমতা বৃদ্ধি

ওয়ার্ল্ড অ্যাথলেটিক্স হল স্পোর্ট ফর ক্লাইমেট অ্যাকশন কাঠামোতে স্বাক্ষরকারী এক পক্ষ, যা কার্বনের বিশ্বব্যাপী লক্ষ্যমাত্রা অর্জন ও জলবায়ু সংক্রান্ত ইতিবাচক পদক্ষেপ গ্রহণ করতে প্রায় 300* ক্রীড়া সংস্থার সাথে সহযোগিতা করে। আপনি আপনার অনুষ্ঠানটিকে এই বিশ্ব ক্রীড়া আন্দোলনের সাথে সারিবদ্ধ করার কথাও বিবেচনা করতে পারেন।

সময়, দক্ষতা বা অর্থ যেকোনও কিছুর সাপেক্ষে ভূমিকা ও দায়িত্বগুলি স্পষ্টভাবে বরাদ্দ করা, প্রতিটি লক্ষ্যের সাথে মানানসই হওয়া এবং পর্যাপ্ত সংস্থান দ্বারা সমর্থিত হওয়া প্রয়োজন। ডেলিভারি টিমের দক্ষতা উন্নত করার প্রয়োজন হতে পারে; এটি অর্জনের জন্য ওয়ার্ল্ড অ্যাথলেটিক্স থেকে সহায়তা পাওয়া যায়।

এই নথিতে দেওয়া নির্দেশিকাটি পরিকল্পনা, পরিচালনা ও অনুষ্ঠান পরবর্তী পর্যায়ে প্রয়োজনীয় ক্রিয়াগুলি চিহ্নিত করতে নির্ধারণ করা হয়েছে।

যোগাযোগ ও পক্ষসমর্থন হল অনুষ্ঠানের সুস্থায়িত্বের একটি মূল অংশ এবং প্রতিটি অনুষ্ঠানে অভ্যন্তরীণ, বাহ্যিক ও অনুষ্ঠান চলাকালীন হওয়া যোগাযোগগুলি শনাক্ত করা উচিত। এতে সুদূরপ্রসারী বার্তা প্রদানের জন্য ক্রীড়াবিদ পক্ষসমর্থনকারীদের শনাক্তকরণ জড়িত হতে পারে।

অনুষ্ঠান পরিকল্পনার অংশ হিসাবে, সুস্থায়িত্ব সক্রিয়করণ চিহ্নিত করা যেতে পারে, যা বাণিজ্যিক অংশীদারদের জড়িত করার প্রয়োজনীয় মাধ্যম হতে পারে। এটি বৃহত্তর সামাজিক পরিবর্তনকে প্রভাবিত করার এমন এক সুযোগ, যা প্রায়শই স্থানীয় সম্প্রদায়ের জন্য অনুষ্ঠানের উল্লেখযোগ্য উত্তরাধিকার রেখে যায়। খেলাধুলার ক্ষেত্রে এর আরও ভালো উদাহরণ রয়েছে।

আপনি নির্ধারিত পরিকল্পনার ভিত্তিতে পরিচালনা করছেন এবং চিহ্নিত লক্ষ্যে পৌঁছাচ্ছেন, তা নিশ্চিত করার জন্য পর্যবেক্ষণ ও পরিমাপ গুরুত্বপূর্ণ।

আপনার পরিকল্পনা ও অনুষ্ঠান পরিচালনার সমস্ত পর্যায়ে অতিরিক্ত নির্দেশিকা ও সহায়তা পেতে, ওয়ার্ল্ড অ্যাথলেটিক্স-এর হেড অফ সাসটেইনেবিলিটি বব রামসাক (Bob Ramsak)-এর সাথে যোগাযোগ করুন (bob.ramsak@worldathletics.org)।

** 30 সেপ্টেম্বর, 2021-এর ভিত্তিতে*

এই পদক্ষেপগুলি অনুষ্ঠান পরিকল্পনা ও পরিচালনার সময়পর্ব জুড়ে গৃহীত করা উচিত:

## 1. অনুষ্ঠান পরিকল্পনা করাকালীন

- আপনার সুস্থায়িত্বের লক্ষ্য/ উচ্চাকাঙ্ক্ষার পর্যায় নির্ধারণ করুন। আপনি কী অর্জন করতে চান, 'চমৎকার' বলতে কী বোঝানো হয়?
- সমস্ত ব্যবসায়িক কার্যক্রম ও সুস্থায়িত্বের সঙ্গে সম্পর্কিত ঝুঁকি চিহ্নিত করুন। সমস্যাগুলিকে অগ্রাধিকার দেওয়ার মাধ্যমে জটিলতার সম্ভাবনা/স্তর, আইনি নিয়ম অনুসরণ, প্রধান স্টেকহোল্ডারদের প্রত্যাশা বিবেচনা করা উচিত
- সুস্থায়িত্ব সংক্রান্ত অগ্রাধিকার পাওয়া সমস্যাগুলির তালিকা ব্যবহার করে, বিশদে কর্ম পরিকল্পনা বানিয়ে উদ্দেশ্য ও সুপরিকল্পিত লক্ষ্য নির্ধারণ করুন এবং কৃতিত্ব পরিমাপ করতে KPI-কে কাজে লাগান।
- কর্ম পরিকল্পনায় মালিকানা ও সম্পদ (আর্থিক, সময় ও মানব) বরাদ্দ করুন
- সম্পদ কেনা ও সমর্থন অর্জনের উদ্দেশ্যে সুস্থায়িত্ব ও আপনার নির্দিষ্ট উচ্চাকাঙ্ক্ষা সম্পর্কে সচেতন করতে স্টেকহোল্ডারদের (অভ্যন্তরীণ ও বাহ্যিক) সঙ্গে জড়িত হন
- বৃহত্তর সামাজিক পরিবর্তনকে প্রভাবিত করতে এবং উত্তরাধিকার সুযোগ চিহ্নিত করতে সহযোগিতামূলক অংশীদারিত্ব নিরাপদ করুন
- অনুষ্ঠান সংক্রান্ত যোগাযোগ পরিকল্পনায় সুস্থায়িত্বের সঙ্গে সম্পর্কিত উচ্চাকাঙ্ক্ষা ও প্রতিশ্রুতি একত্রিত হয়

## 2. অনুষ্ঠান পরিচালনা করাকালীন

- অনুষ্ঠানের সমস্ত কর্মীদের সুস্থায়িত্বের প্রতিশ্রুতি সম্পর্কে জানানো/সচেতন করা হয়েছে, তারা সুস্থায়িত্বের লক্ষ্য অর্জনে তাদের ভূমিকা সম্পর্কে সচেতন এবং সর্বোত্তম অনুশীলন আচরণের মাধ্যমে 'সঠিক পদক্ষেপ গ্রহণ করে নেতৃত্ব দেওয়ার' ক্ষমতাধারী কিনা, তা নিশ্চিত করুন
- পরিকল্পনা মেনে চলা নিশ্চিত করতে পরিচালনা পর্ব জুড়ে পর্যবেক্ষণ/হিসাব নিরীক্ষা করার প্রোগ্রাম বাস্তবায়িত করুন এবং দক্ষতার সাথে সংশোধনমূলক ব্যবস্থা কার্যকর করতে নিয়ম না মানার ঘটনা শনাক্ত করুন
- সুস্থায়িত্বের অভ্যন্তরীণ ও বাহ্যিক (যেমন, ক্রীড়াবিদ) 'সমঝদার' সর্বোত্তম অনুশীলন প্রদর্শন করে ও তা কাজে লাগায় এবং এইভাবে স্টেকহোল্ডারদের মধ্যে বার্তা প্রেরণকে প্রশস্ত করে
- যোগাযোগ পরিকল্পনার অংশ হিসাবে সুস্থায়িত্ব সংক্রান্ত বার্তালাপ (অনসাইট ও মিডিয়া চ্যানেল উভয়ের মাধ্যমে) স্টেকহোল্ডার গোষ্ঠীগুলির মধ্যে সম্মতি ও অর্জনকে উত্সাহিত করার জন্য সচেতনতা বাড়ায় ও ক্রিয়াকলাপ চালায়

## 3. অনুষ্ঠান পরবর্তী কার্যক্রম

- পরিষেবা পরিচালনার গঠনমূলক পর্যালোচনা করতে এবং ক্রমাগত উন্নতির জন্য জ্ঞানগুলি আয়ত্ত করতে স্থান/অংশীদার/ সরবরাহকারী/ ঠিকাদারদের সাথে অনুষ্ঠান পরবর্তী পর্যালোচনা মিটিং আয়োজন করুন
- সুস্থায়িত্বের সাফল্য ও অর্জিত জ্ঞানের পর্যবেক্ষণের মাধ্যমে প্রাপ্ত তথ্য-ভিত্তিক প্রমাণ প্রদান করে স্বচ্ছ অনুষ্ঠান পরবর্তী পর্যালোচনা রিপোর্ট তৈরি করুন।

## 3. সুস্থায়ী আহরণ

অনুষ্ঠান পরিচালনা দলের সরবরাহ শৃঙ্খলের মাধ্যমে সংগ্রহ করা এবং বিশ্বমানের সফল অনুষ্ঠান আয়োজিত করার জন্য প্রয়োজনীয় পণ্য ও পরিষেবা থেকেই অনুষ্ঠানগুলি থেকে সুস্থায়িত্বের উল্লেখযোগ্য প্রভাব পাওয়া যায়।

সরবরাহ শৃঙ্খলটি কার্যকরভাবে পরিচালনা করা পণ্য/পরিষেবাগুলির সময়মতো বণ্টন নিশ্চিত করতে পারে, যেকোনও নেতিবাচক প্রভাবকে কমিয়ে আনতে পারে এবং বিশেষত অনুষ্ঠান আয়োজনকারী স্থানীয় সম্প্রদায়ের ক্ষেত্রে সুদূরপ্রসারী মূল্য ও সামাজিক সুবিধা প্রদান করতে পারে। ওয়ার্ল্ড অ্যাথলেটিক্স-এর সুস্থায়ী আহরণ সংক্রান্ত নির্দেশিকার মাধ্যমে এমন একটি নৈতিক সরবরাহ শৃঙ্খল নিশ্চিত করার উপর দৃষ্টি নিবদ্ধ করা হয়, যা পরিবেশগত প্রভাব হ্রাস করে এবং আয়োজক সম্প্রদায়ের মধ্যে স্থানীয় স্থিতিস্থাপকতার উত্তরাধিকার তৈরি করে।

কেনার প্রক্রিয়াটি সাধারণত ভালোভাবে বোঝা যায় এবং সরবরাহকারীদের থেকে প্রস্তাবগুলি পরিষেবা বা পণ্যের গুণমান ও মূল্যের উপর ভিত্তি করে মূল্যায়ন করা হয়। সুস্থায়ী আহরণের মাধ্যমে "গুণমান"কে পুনরায় সংজ্ঞায়িত করা হয়, যার মধ্যে পণ্য বা পরিষেবার সামাজিক, নৈতিক ও পরিবেশগত প্রভাবের পাশাপাশি পণ্যের চেহারা, অনুভূতি ও কার্যকারিতা অন্তর্ভুক্ত থাকে (Figure 1 দেখুন)।

সহজ পরিভাষায় – ক্রয় প্রক্রিয়া হল:

1. **প্রত্যাশিত মূল্যের অনুরোধ (RFQ):** সুস্থায়িত্বের শনাক্ত করা প্রয়োজনীয়তা RFQ-তে অন্তর্ভুক্ত করা হয়েছে কিনা, তা নিশ্চিত করুন
2. **সরবরাহকারী মূল্যায়ন:** তাদের সামাজিক, পরিবেশগত ও অর্থনৈতিক নীতি ও ব্যবস্থাপনা পর্যালোচনা করুন
3. **পণ্য বা পরিষেবা মূল্যায়ন:** 5টি মূল প্রশ্ন জিজ্ঞাসা করার মাধ্যমে তারা যে পণ্য বা পরিষেবা প্রদান করছে, তার মূল্যায়ন করুন (নিচে দেওয়া হল)
4. সুস্থায়িত্বের প্রয়োজনীয়তা সমেত **সরবরাহকারী ও পরিষেবা চুক্তি নির্বাচন করুন**
5. **পরিষেবা/পণ্যের বিধানে** এছাড়াও সুস্থায়িত্বের প্রয়োজনীয়তার সাথে নিয়ম মেনে চলা সংক্রান্ত প্রমাণের বিধান অন্তর্ভুক্ত করা উচিত। নির্দিষ্ট প্রয়োজনীয়তাগুলির সাপেক্ষে নিরীক্ষার মাধ্যমে এগুলি কাজ চলাকালীন যাচাই করা উচিত এবং নিয়ম না মানার কোনও ঘটনা ঘটলে পদক্ষেপ নেওয়া উচিত
6. চূড়ান্ত ডেটা জানানো এবং নিয়ম মেনে চলার প্রমাণ সমেত **চুক্তিবদ্ধ পরিষেবাগুলি বিতরণের ভিত্তিতে অর্থপ্রদান**

আরও তথ্য পেতে, ওয়ার্ল্ড অ্যাথলেটিক্স-এর 'সুস্থায়ী আহরণের ব্যাপারে ধারনা গড়ে তোলা' নামক সুস্থায়িত্ব সংক্রান্ত ই-ট্রেনিং মডিউলে পুনরায় যান, যা এখানেপাওয়া যাবে।

### 1. প্রত্যাশিত মূল্যের অনুরোধ

RFQ-তে সুস্থায়িত্বের প্রয়োজনীয়তাগুলি অন্তর্ভুক্ত করা উচিত, যা সুস্থায়িত্বের কৌশলে চিহ্নিত করা হয়েছে এবং স্থানীয় প্রেক্ষাপটের সাপেক্ষে গুরুত্বপূর্ণ। উপকরণের সবিস্তার বিবরণ বর্জ্য ব্যবস্থাপনা পরিকল্পনার সাথে সামঞ্জস্যপূর্ণ হওয়া উচিত এবং এগুলি সুস্থায়ী অনুষ্ঠানের উদ্দেশ্য ও লক্ষ্য পরিচালনার মূল চাবিকাঠি।

### 2. সরবরাহকারী মূল্যায়ন

আহরণ প্রক্রিয়ায় পণ্য বা পরিষেবা প্রদানকারী সংস্থার ধরন মূল্যায়ন করা উচিত। পণ্য বা পরিষেবার চেহারা, অনুভূতি ও কর্মক্ষমতার নিশ্চয়তা এবং সরবরাহকারীর নির্ভরযোগ্যতা গুরুত্বপূর্ণ হবে। তবে RFQ-এর প্রশ্নগুলিতে সংস্থার খ্যাতির ঝুঁকি কমানোর পাশাপাশি দায়িত্বশীল সরবরাহকারীদের ব্যবহার নিশ্চিতকরণ ও প্রচার করা সংক্রান্ত জিজ্ঞাস্য অন্তর্ভুক্ত করা উচিত। শুরুতে কেবল তাদের সামাজিক, পরিবেশগত ও অর্থনৈতিক নীতি এবং ব্যবস্থাপনা প্রক্রিয়াগুলি ব্যাপারে জিজ্ঞাসা করলেই হবে। ISO14001 (পরিবেশ ব্যবস্থাপনা) বা ISO20121 (সুস্থায়ী ব্যবস্থাপনা)-এর মতো সার্টিফিকেশন স্কিমের মাধ্যমে এটি প্রমাণিত হতে পারে।

আপনি নিম্নলিখিত ক্ষেত্রে নিশ্চয়তা খুঁজছেন:

- পণ্য বা পরিষেবা প্রদানকারী কর্মীদের পরিস্থিতি
- সংস্থার তরফে কর্মীদের জীবনযাপন মজুরি প্রদান
- কর্মীদের স্বাস্থ্য ও নিরাপত্তা
- ন্যূনতম পরিবেশগত প্রভাব বা কার্বনের ভারসাম্য বজায় থাকা পরিষেবা নিশ্চিত করার মাধ্যমে সংস্থার পরিবেশগত কর্মক্ষমতা
- স্থানীয়স্তরে স্বাভাবিক অবস্থায় ফেরত আসতে ও অর্থনৈতিক প্রভাব তৈরিতে সহায়তা করার জন্য সংস্থার কর্মক্ষেত্র ও এর নিজস্ব সরবরাহ শৃঙ্খল

## 3. পণ্য বা পরিষেবা মূল্যায়ন

পণ্য ও আংশিকভাবে পরিষেবার সুস্থায়িত্ব নির্ণয় করার সময় জিজ্ঞাসা করার উপযোগী পাঁচটি মূল প্রশ্ন রয়েছে:

1. **এটি কোথায় উৎপাদিত হয়েছে এবং কে প্রস্তুত করেছে?**
2. **এটি কী দিয়ে প্রস্তুত করা হয়েছে?**
3. **এটি কী দিয়ে ঢাকা?**
4. **ব্যবহারের ক্ষেত্রে এটি কীরকম প্রভাব ফেলে?**
5. **অনুষ্ঠান শেষে এটি নিয়ে কী করা হবে?**

নেতিবাচক পরিবেশগত ও সামাজিক প্রভাবগুলি অনুষ্ঠান আয়োজক দলের দ্বারা তৈরি কেনার পছন্দের মাধ্যমে হ্রাস করা হয়, তা সুস্থায়ী আহরণের মাধ্যমে নিশ্চিত করা হয়। ওয়ার্ল্ড অ্যাথলেটিক্স একটি বিস্তৃত আহরণ বিধি তৈরি করেছে, যা এড়ানোর উপযোগী পণ্য ও উপকরণগুলি শনাক্ত করে। এটি অনুরোধের ভিত্তিতে জানানো যেতে পারে।

## 4. সরবরাহকারী নির্বাচন ও পরিষেবার চুক্তি নির্ধারণ

পণ্য বা পরিষেবা প্রদানের জন্য পছন্দের সরবরাহকারী নির্বাচন করা হয়ে গেলে, সুস্থায়িত্বের প্রয়োজনীয়তাগুলি স্পষ্টভাবে উল্লেখ করে একটি চুক্তি তৈরি করা উচিত। অন্ততপক্ষে এগুলি অন্তর্ভুক্ত করা উচিত:

1. অনুষ্ঠানের সুস্থায়িত্বের নীতি ও কর্মক্ষেত্রে গৃহীত পদ্ধতি, যেমন বর্জ্য ব্যবস্থাপনা, বর্জ্য ক্ষরণ প্রতিরোধ, একক ব্যবহারের উপকরণ নির্মূলকরণ, কম কার্বন পরিবহন এবং সমধর্মী অন্যান্য বিষয় মেনে চলা।
2. পণ্য তৈরিতে প্রয়োজনীয় পণ্যের সবিস্তার বিবরণ এবং এড়ানোর উপযোগী উপকরণের স্পষ্ট উল্লেখ
3. প্রমাণের বিধান এবং ব্যবহৃত উপকরণের নিশ্চয়তা
4. পরিষেবা শেষ হওয়ার পরে অনুষ্ঠান আয়োজক দলকে অবগত করার জন্য প্রয়োজনীয় তথ্যের বিধান – যেমন, ভ্রমণ ও পরিবহনের প্রভাব, পণ্য/সামগ্রীর পরিমাণ

## 5. পরিষেবা বা পণ্যের বিধান ও নিরীক্ষা

যেহেতু সরবরাহকারী পরিষেবাটি প্রদান করে, তাই একই সময়ে সামগ্রীর উৎপাদনের সার্টিফিকেশন বা প্রমাণ সরবরাহ করা উচিত এবং নির্দিষ্ট প্রয়োজনীয়তার সাপেক্ষে যাচাই করতে কর্মক্ষেত্রে উপস্থিত থেকে নিরীক্ষা করা উচিত।

সরবরাহকারীদের সাথে ঘনিষ্ঠভাবে কাজ করার মাধ্যমে এই সুস্থায়িত্বের প্রয়োজনীয়তাগুলি বুঝতে ও গুরুত্ব নিশ্চিত করতে সহায়তা করবে। যেহেতু অনুষ্ঠানগুলির মাধ্যমে আরও সুস্থায়ী পণ্যের ব্যাপারে জানার উপায় সুগম হয়ে ওঠে, তাই আরও ক্ষতিকারক সামাজিক ও পরিবেশগত প্রভাব বজায় থাকলে সেগুলির চাহিদা হ্রাস পাবে।

সুস্থায়িত্বের প্রয়োজনীয়তাগুলি অর্জনের জন্য আপনি সরবরাহকারীদের সাথে ঘনিষ্ঠভাবে কাজ করার কারণে তারা তাদের প্রদত্ত পরিষেবা উন্নত করতেও সক্ষম হতে পারে।

## 6. চুক্তিবদ্ধ পরিষেবা সরবরাহের সময় অর্থ প্রদান

প্রয়োজনীয় তথ্য সরবরাহ চুক্তিবদ্ধ পরিষেবার অংশ এবং এটি প্রায়ই উপেক্ষা করা হয়। এটা নিশ্চিত করা যে, সরবরাহকারী যেন বুঝতে সক্ষম হয় যে অর্থ প্রদান নির্দিষ্ট পরিষেবা সরবরাহের পাশাপাশি অনুরোধ করা নির্দিষ্ট তথ্যের উপর নির্ভর করে করা হয়। এটি পণ্যের বিষয়ে হতে পারে, উপকরণের পরিমাণ, ইতিমধ্যে সরবরাহ না করা থাকলে জোগানের উৎসের প্রমাণ, পরিষেবার বিধানের কারণে পরিবহন এবং ভ্রমণের দূরত্বের বিষয়ে হতে পারে।




| | |
|---|---|
| A SUSTAINABLE PROCUREMENT PROCESS | একটি সুস্থায়ী আহরণ প্রক্রিয়া |
| 1. Request quotes<br>-SUSTAINABILITY EXPECTATIONS | 1. প্রত্যাশিত মূল্যের অনুরোধ করা<br>–সুস্থায়িত্বের প্রত্যাশা |
| 2. Evaluate Suppliers<br>- Quality<br>- Cost<br>- SUSTAINABILITY | 2. সরবরাহকারীর মূল্যায়ন<br>–গুণমান<br>–মূল্য<br>–সুস্থায়িত্ব |
| 3. Select Supplier<br>- CONTRACTED REQUIREMENTS | 3. সরবরাহকারী নির্বাচন<br>–চুক্তিবদ্ধ প্রয়োজনীয়তা |
| 4. Payment<br>- ACCOUNTABILITY<br>- FEEDBACK | 4. পারিশ্রমিক<br>–দায়বদ্ধতা<br>–প্রতিক্রিয়া |

*চিত্র 1 : সুস্থায়ী আহরণ প্রক্রিয়া (ওয়ার্ল্ড অ্যাথলেটিক্স প্রোকিওরমেন্ট ই-লার্নিং -এর পক্ষ থেকে)*

এই পদক্ষেপগুলি অনুষ্ঠান পরিকল্পনা ও পরিচালনার সময়পর্ব জুড়ে গৃহীত করা উচিত:

### 1. অনুষ্ঠান পরিকল্পনা করাকালীন

### প্রত্যাশিত মূল্যের অনুরোধ

- প্রত্যাশিত মূল্যের অনুরোধ (RFQ) সহ সমস্ত সংগ্রীহত নথিতে স্থায়িত্বের মানদণ্ড যুক্ত করুন
- সম্ভব হলে প্যাকেজিং বর্জ্য নির্মূল করার জন্য সুস্থায়ী আহরণ কোড দেওয়া হয়
- আহরণ প্রক্রিয়াকে অগ্রাধিকার দেওয়ার জন্য পরিষেবার বিধান এবং সংশ্লিষ্ট স্থায়িত্বের প্রভাব এবং স্কেল সম্পর্কে একটি বিস্তারিত সুস্থায়ী আহরণের উপযোগী ম্যাট্রিক্স তৈরি করুন

### সরবরাহকারী, পণ্য বা পরিষেবার মূল্যায়ন

- ISO14001 দ্বারা প্রত্যয়িত পরিবেশগত ব্যবস্থাপনা পদ্ধতি (EMS) অথবা ISO20121 দ্বারা প্রত্যয়িত সুস্থায়ী ব্যবস্থাপনা পদ্ধতি (SMS) আছে এমন সরবরাহকারীদের চিহ্নিত করুন
- প্রত্যয়িত ব্যবস্থাপন পদ্ধতি নেই এরকম সরবরাহকারীদের সামাজিক, পরিবেশগত এবং অর্থনৈতিক নীতির বিশদ বিবরণ চেয়ে অনুরোধ পাঠান

## সরবরাহকারী এবং ঠিকাদারী পরিষেবা নির্বাচন

- অর্থের মূল্য নির্ধারণ এবং সরবরাহকারী/ঠিকাদার নির্বাচনের জন্য পরিবেশগত, সামাজিক এবং নৈতিক দায়িত্বকে মানদন্ডের সাথে যুক্ত করুন
- নিশ্চিত করুন যে, পরিষেবার বিবরণ প্রদানকারী চুক্তিতে অনুষ্ঠান-পরবর্তী নিরীক্ষণ/মূল্যায়ন তথ্যের বিধান সহ স্থায়িত্বের প্রয়োজনীয়তাগুলিও, পরিষ্কারভাবে, উল্লেখ করা হয়েছে

## 2. অনুষ্ঠান পরিচালনা করাকালীন

- পণ্য বা পরিষেবার বিধান এবং হিসাব
- কোনো ব্যক্তির উপর হিসাবনিকাশ করার দায়িত্ব অর্পন করুন এবং সম্পূর্ণ অনুষ্ঠান জুড়ে সুস্থায়ী আহরণ প্রতিশ্রুতির পালন করা হয়েছে কিনা তা নিশ্চিত করুন
- সরবরাহকারী/ ঠিকাদাররা প্যাকেজিং কম করার এবং যে কোনও সৃষ্ট বর্জ্যের দায় নিজেদের উপর রাখছেন কিনা তা নিশ্চিত করার জন্য কোনো ব্যক্তির উপর এর দায়ভার অর্পন করুন

## 3. অনুষ্ঠান পরবর্তী কার্যক্রম

- সরবরাহকারী/ঠিকাদারদের সাথে অনুষ্ঠান-পরবর্তী পর্যালোচনা-কেন্দ্রিক মিটিং করার জন্য গঠনমূলকভাবে পরিষেবা সরবরাহের পর্যালোচনা এবং ক্রমাগত উন্নতির পথে এগিয়ে যাওয়ার জন্য শিক্ষণীয় পাঠগুলি ক্যাপচার করুন
- পেমেন্ট হওয়ার আগে প্রদত্ত তথ্যাদি এবং পরিষেবার বিধানগুলি পর্যালোচনা করুন
- অনুষ্ঠান-পরবর্তী রিপোর্ট আধিকারিককে তথ্য এবং সম্পাদিত কার্যগুলি সরবরাহ করুন

## 4. বর্জ্য ব্যবস্থাপনা




শব্দজাত বর্জ্য ব্যবস্থাপনার ফলে কম কার্বন ফুটপ্রিন্ট উৎপন্ন হবে, স্থায়িত্ব বৃদ্ধি পাবে, প্রজাতি এবং বাসস্থানের উপর দূষণ/আবর্জনার ফলে সৃষ্ট প্রভাব কমবে সাথে আর্থিক খরচও কমবে। বর্জ্য ব্যবস্থাপনার একটি গুরু দায়িত্ব একটি অনুষ্ঠান অনুষ্ঠিত হওয়ার পর্যায়ে উৎপাদিত প্রকৃত বর্জ্যের পরিমাণ হ্রাস করার মাধ্যমে শুরু হয়।

### বর্জ্য সম্পর্কিত পরিকল্পনা

বিশ্বে অনুষ্ঠানের বিচিত্র প্রকৃতি এবং বিভিন্ন স্থানে বর্জ্য মোকাবেলা করার বিভিন্ন ধরনের কারণে, প্রতিটি অনুষ্ঠানের একটি পৃথক বর্জ্য পরিকল্পনা করতে হবে যা সমস্ত প্রত্যাশিত বর্জ্যগুলিকে এবং সেগুলির উৎসগুলিকে চিহ্নিত করে। পরিকল্পনাটি স্থানীয়ভাবে উপলব্ধ বর্জ্য ব্যবস্থাপনা বিধানের পাশাপাশি স্থানীয় আইনী প্রয়োজনীয়তার সাথে সামঞ্জস্যপূর্ণ হওয়া উচিত।

প্রতিটি স্থানের জন্য বর্জ্য ব্যবস্থাপনা ঠিকাদার বাছাই করা হবে এবং তাদের অবশ্যই লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষমতার ভিত্তিতে নির্বাচন করতে হবে এবং বিস্তারিত তথ্যভিত্তিক রিপোর্টের মাধ্যমে প্রমাণ সরবরাহ করতে হবে। বর্জ্যের শ্রেণিবিন্যাস (Figure 2 দেখুন) অনুসারে পরিষেবা দানে সহায়তা করতে পারে এমন স্থানীয় সরবরাহকারীদের নির্বাচন করলে অতিরিক্ত একটি সুবিধা প্রাপ্ত হবে। তবে প্রয়োজনীয় লক্ষ্যমাত্রা অর্জনের জন্য একাধিক বর্জ্য ঠিকাদারের প্রয়োজন হতে পারে। সর্বদা নিশ্চিত করুন যে বাছাই করা বর্জ্য ঠিকাদার যেন নিবন্ধিত ঠিকাদার হয়, প্রয়োজনে স্থানীয় পরিবেশ সংস্থার সাথে নিবন্ধিত থাকতে হবে।

কার্যকরভাবে বর্জ্য পৃথকীকরণের জন্য, পর্যাপ্ত স্থানের পরিকল্পনা করা দরকার যা বর্জ্যকে নিরাপদে এবং নিঃসংকোচে সংরক্ষণ করার অনুমতি দেয়। নিশ্চিত করুন যে বিপজ্জনক বর্জ্য সংরক্ষণ করার সময় অতিরিক্ত সতর্কতা অবলম্বন করা হয়েছে (যেমন তরল বিপজ্জনক বর্জ্যের চারপাশ কিছু দিয়ে বাঁধানো বা ঘেরা থাকা)।

সবরকমের বর্জ্য ফেলার বিনগুলিকে একত্রে পড়ের মধ্যে রাখতে হবে যাতে দূষণ কম হয় এবং সাইনবোর্ড স্পষ্টন দেখা যায়। সমস্ত কর্মীদের পরিকল্পনা সম্পর্কে সচেতন থাকতে হবে, স্থানীয় বিতরণ সম্পর্কে বিস্তারিত জানা থাকতে হবে এবং তাদের উপযুক্ত পদক্ষেপ গ্রহণ করার জন্য দায়বদ্ধ থাকতে হবে।




| | |
|---|---|
| Prevention | নিরোধ |
| Preparing for Reuse | পুনরায় ব্যবহারের জন্য প্রস্তুত করা |
| Recycling | পুনর্ব্যবহার করা |
| (Energy) Recovery | (শক্তি) পুনরুদ্ধার |
| Disposal | নিষ্পত্তি |

*চিত্র 2 বর্জ্যের শ্রেণিবিন্যাস*

## বর্জ্য উৎপাদন এবং বর্জ্যের প্রকার

অনুষ্ঠানের আগে অনুষ্ঠান আয়োজকের অফিসে, অনুষ্ঠানের কাঠামো তৈরি, আয়োজনের জন্য গৃহীত ক্রিয়াকলাপ এবং এটি সম্পন্ন হওয়ার পরে অনুষ্ঠান অনুষ্ঠিত হওয়ার স্থানটিতে বর্জ্য উৎপন্ন হয়।

বর্জ্যের প্রকারের মধ্যে রয়েছে:

- অফিসে উৎপন্ন বর্জ্য: কাগজ, ইলেকট্রনিক্স জিনিস, ব্যাটারি, পরিষ্কার করার জিনিস, খাবারের প্যাকেজিং, নষ্ট হওয়া খাবার, অবশিষ্ট খাবার
- অনুষ্ঠানের ফলে উৎপন্ন বর্জ্য: ব্রান্ডিং, কাগজ, ব্যাটারি, ভাঙা সরঞ্জাম, খাবারের প্যাকেজিং, নষ্ট হওয়া খাবার, অবশিষ্ট খাবার, গ্লাস, প্যাকেজিং, কোনো কিছুর মোড়ক, সরঞ্জাম (ভাঙা এবং ব্যবহারযোগ্য)

## বর্জ্য ব্যবস্থাপনা

যতক্ষণ না এটি স্থানীয় সুবিধার উপর নির্ভর করে পরিবর্তিত হবে, ততক্ষণ পর্যন্ত ওজনের ভিত্তিতে মোট বর্জ্যের 60% ভূমি ভরাটের মাধ্যমে পুনর্ব্যবহার করে এর নিষ্পত্তি ঘটিয়ে পরিমাণ শূন্য করতে হবে যা হল একটি যুক্তিসঙ্গত উদ্দেশ্য। বর্জ্যের শ্রেণিবিন্যাস তৈরি করার জন্য নিম্নলিখিত পদক্ষেপগুলি দেখুন:

### 1. নির্মূল করা

প্রথম লক্ষ্য হল উৎপাদিত যে কোনও অপ্রয়োজনীয় বর্জ্য নিমূল করা যেগুলির ক্ষেত্রে বর্জ্যের শ্রেণিবিন্যাস অনুসরণ করে নিষ্পত্তির সর্বাধিক পরিবেশগতভাবে উপকারী উপায়গুলি ব্যবহার করা সম্ভব নয়। উৎপাদিত সমস্ত বর্জ্যের পর্যালোচনা এবং বর্জ্যের উৎস শনাক্তকরণের মাধ্যমে সেইসব বর্জ্যগুলি নির্মূল করার বিকল্প উপায়গুলিও চিহ্নিত করতে হবে।

সর্বসাধারণের জন্য আয়োজিত ওয়ার্ল্ড অ্যাথলেটিক্স অনুষ্ঠান **একটি লক্ষ্য হওয়া উচিত যা হল একবার ব্যবহারযোগ্য উপকরণ এবং পণ্যগুলি বর্জন করা।** একবার ব্যবহার করা বোতলজাত জলের মতো পণ্যগুলির বিকল্পগুলি উপায় খোঁজ করা এবং জল পূনরায় ভরার ব্যবস্থা সরবরাহ করা উচিত। যেখানে জনসাধারণ এবং কর্মীদের জন্য জলের ভরার ব্যবস্থা সরবরাহ করা হয়, সেখানে পুনরায় ব্যবহারযোগ্য বোতলগুলিও রাজস্ব খরচের অধীনে সরবরাহ করা যেতে পারে অথবা ব্যক্তিদের তাদের নিজস্ব বোতল আনতে উৎসাহিত করা যেতে পারে। টেক-অ্যাওয়ে কফি কাপের ক্ষেত্রেও অনুরূপ পদ্ধতি প্রয়োগ করা যেতে পারে।

প্রতিযোগিতামূলক খেলাধুলার ক্ষেত্রে কোনো কারসাজি করা যাতে সম্ভব না হয় তা নিশ্চিত করার জন্য সিল করা, প্লাস্টিকের জলের বোতল প্রতিস্থাপনের সমস্যায় সমাধানের জন্য একটি সহযোগিতামূলক উদ্যোগের প্রয়োজন হবে এবং এই ক্ষেত্রগুলিতে তা বাস্তবায়ন করা প্রায়শই একটি কঠিন কাজ হয়ে থাকে। যদিও, এমন অনেক উদাহরণ আছে যেখানে এটি যথাযথভাবে বাস্তবায়িত করা সম্ভব হয়েছে।

প্যাকেজিং এবং প্লাস্টিকের ব্যাগ যতটা সম্ভব বাদ দিতে হবে এবং এটি সুস্থায়ী আহরণ কোডের একটি মূল অংশ। পণ্য সরবরাহের জন্য প্রয়োজনীয় প্যাকেজিংয়ের পরিমাণ কমাতে সরবরাহকারীদের সাথে কর্মীদের কাঁধে-কাঁধ মিলিয়ে কাজ করতে হবে।

মুদ্রিত উপকরণগুলির জন্য, শুধুমাত্র তখনই প্রিন্ট করুন যখন তা প্রয়োজন এবং প্রিন্ট অবস্থারই হয়, উভয় পৃষ্ঠায় প্রিন্ট করুন এবং সমস্ত অবাঞ্ছিত কাগজের পুনর্ব্যবহার করুন। প্রিন্ট রিলিজ ফাংশন ইনস্টল করলে অপ্রোয়জনীয় মুদ্রণের অপচয় কমতে পারে

ক্যাটারিং দ্বারা উৎপন্ন বর্জ্য সাবধানতার সাথে পরিমাণ নির্ধারণ, মেনু পরিকল্পনা এবং স্টক নিয়ন্ত্রণের পাশাপাশি টিকিট এবং ক্যাটারিং নম্বর প্রয়োগ করে নির্মূল করা উচিত। বিভিন্ন আগত দর্শনার্থী বিভিন্ন পরিমাণ এবং খাবারের ধরন দাবি করে। ক্যাটারিং প্রদানকারীদের সাথে ঘনিষ্ঠভাবে কাজ করলে প্রথম উদাহরণটির মত করে বর্জ্য দূর করতে সুবিধা হবে। পুনঃব্যবহারযোগ্য টেবিলের কভার একক ব্যবহারের পরিবর্তে নিষ্পত্তিযোগ্য তালিকার অংশ হওয়া উচিত। এমনকি অস্থায়ী ডিশ-ওয়াশিং মেশিনের ব্যবস্থার মাধ্যমে এটা বাস্তবায়িত করা যেতে পারে, এটি একটি স্বল্পমেয়াদী অনুষ্ঠানের জন্যও সাশ্রয়ী হবে।

### 2. পুনরায় ব্যবহার করা

যেখানে বর্জ্য নির্মূল করা সম্ভব হবে না, সেখানে পুনঃব্যবহারের সম্ভাবনা কতটা আছে তা মূল্যায়ন করা উচিত। অনুষ্ঠানের প্রতিটি আয়োজিত স্থানে, প্রাক-পরিকল্পনা হিসাবে পুনর্ব্যবহারের জন্য সম্ভাব্য উপকরণগুলি চিহ্নিত করা উচিত, বাজারে ভাড়া নেওয়ার প্রথাকে সর্বাধিক করা এবং স্থানীয় অংশীদারদের সাথে কাজ করা উচিত যাতে সম্ভাব্য স্থানীয় সম্প্রদায়ের সুবিধাগুলির একটি পরিসীমা নির্ধারণ করা যেতে পারে। ভাড়া দেওয়ার বাজার প্রচুর পরিমাণে পুনরায় ব্যবহারযোগ্য অস্থায়ী অবকাঠামো প্রদান করার ক্ষমতা রাখে।

একক ব্যবহারের ব্র্যান্ডিং যতদূর সম্ভব এড়ানো উচিত এবং যেখানে একাধিক অনুষ্ঠান অনুষ্ঠিত হয় বা একই স্থানে বার-বার অনুষ্ঠান হয়, সেখানে তারিখ, অবস্থান এবং স্পনসরের কারণে ক্রমাগত ব্র্যান্ডিং পরিবর্তন করার প্রয়োজনীয়তা হ্রাস করার জন্য ব্র্যান্ডিং এজেন্সিগুলিকে ব্র্যান্ডিংয়ের একটি নির্দিষ্ট ডিজাইন রাখা উচিত। ব্র্যান্ডিং যতদূর সম্ভব পুনঃব্যবহারের সুবিধা হবে এইভাবে ডিজাইন করা উচিত বা বিভিন্ন উদ্ভাবনী ও সৃজনশীল ব্যবহারের জন্য স্থানীয় সম্প্রদায় গোষ্ঠীকে এর ভার দেওয়া উচিত।

জাতীয় ফেডারেশনের মাধ্যমে স্থানীয় ক্লাবগুলিতে সরঞ্জাম পুনঃব্যবহারের সুযোগ খুঁজে পাওয়া যুক্তিসঙ্গতভাবে সহজ হবে। ইভেন্ট লিগ্যাসি প্রোগ্রামের অংশ হিসাবে এটি স্থানীয় ক্লাবের সরঞ্জামের মান উন্নত করার ক্ষেত্রে একটি উপযুক্ত সুযোগ হতে পারে।

প্রায়শই অনুষ্ঠান আয়োজক দের দ্বারা অতিরিক্ত ভোজ্য খাবার উৎপাদিত হয় এবং দিন-দিন প্রায় বিপুল সংখ্যক হিতকারী ডিজিটাল প্ল্যাটফর্ম তৈরি হচ্ছে যেখানে ক্যাটারিং ম্যানেজাররা ব্যক্তি বা সংস্থা যেমন Olio (অলিও), Copia (কপিয়া)-দের অবশিষ্ট ভোজ্য খাবার সংগ্রহ করার জন্য বিজ্ঞাপন দিয়ে জানাতে পারেন।

### 3. পুনর্ব্যবহার করা

রিসাইক্লিং বা পুনর্ব্যবহার করার অর্থ হল যেখানে বর্জ্য পদার্থকে একই বা অনুরূপ পদার্থে পুনরায় প্রক্রিয়াজাত করা হয়। প্লাস্টিক সাধারণত ব্যাপকভাবে পুনর্ব্যবহৃত হয় তবে প্লাস্টিকের বিভিন্ন প্রকার এবং গ্রেড মাঝে-মধ্যে সমস্যার কারণ হতে পারে। একইভাবে মিশ্র উপাদান দিয়ে তৈরি পণ্যগুলিও পুনর্ব্যবহার করা কঠিন হয়। সুতরাং, যখন বলা হয়, একটি পণ্য পুনর্ব্যবহার করা যেতে পারে, আর অর্থ হল উপাদানগুলিকে আলাদা করে রাখা যেমন, একবার ব্যবহৃত কফি কাপ।

যেখানে একবার অনুষ্ঠানে ব্যবহার করার পরে পণ্য/সামগ্রী নির্মূল বা পুনঃব্যবহার করা সম্ভব নয়, উপকরণগুলি পুনর্ব্যবহারযোগ্য বা অ-পুনর্ব্যবহারযোগ্য যাই হোক না কেন আর ব্যবহার যতটা সম্ভব এড়ানো উচিত। উপাদানের ধরন এবং এর পুনর্ব্যবহারযোগ্যতা কতটা তা প্রাথমিক কার্যকরী স্তরেই নির্দিষ্ট করা উচিত।

ব্র্যান্ডিং সম্ভব পুনরায় ব্যবহার যোগ্য বা পুনর্ব্যবহারযোগ্য হতে হবে। ওয়ার্ল্ড অ্যাথলেটিক্স দ্বারা পুনরায় ব্যবহার করা হবে না এরকম উপকরণগুলির জন্য অনুদানের ব্যবস্থা রয়েছে কিন্তু এরকম কিছু উপাদানও আছে যেমন PVC ব্যানার যার বিকল্প ব্যবহার রয়েছে কিন্তু তা পুনর্ব্যবহারযোগ্য করে তোলা কঠিন।

যেখানে প্রকৃত কম্পোস্ট তৈরি করা হয় সেখানে খাদ্যের কম্পোস্টিং এবং কম্পোস্টেবল প্যাকেজিংকে পুনর্ব্যবহারযোগ্য হিসাবে গণ্য করা হয়। **এটা উল্লেখ্য যে এই প্রক্রিয়াকরণ খুব বেশি মাত্রায় উপলব্ধ থাকে না।** কম্পোস্টেবল টেবিল কভার নির্ধারণ করার সময় সতর্কতা অবলম্বন করা উচিত যাতে নিশ্চিত করা যায় যে "পাত্রে কম্পোস্টিং" IVC বা ওপেন উইনড্রো কম্পোস্টিং সুবিধা উপলব্ধ রয়েছে এবং কম্পোস্টেবল প্যাকেজিং ব্যবহার করে আপনি পুনর্ব্যবহারযোগ্য বর্জ্য প্রবাহকে দূষিত করছেন না।

প্রায়শই খাদ্য দ্বারা সৃষ্ট বর্জ্য অ্যানেরোবিক হজমের (AD) জন্য নেওয়া হয় যা থেকে প্রযুক্তিগতভাবে শক্তি পুনরুদ্ধার করা যায় তবে পুনর্ব্যবহারযোগ্য নয়। এই প্রক্রিয়াটিতে কম্পোস্টেবল টেবিল কভার ব্যবহার করা সম্ভব নয় যার ফলে বর্জ্য দূষিত হয় এবং শেষ পর্যন্ত সেগুলি সাধারণ পুনর্ব্যবহারের অযোগ্য বর্জ্য হিসাবে গণ্য হয়।

### 4. পুনরুদ্ধার

পুনরুদ্ধার করা বলতে বোঝায় যেসব বর্জ্য পদার্থ পুড়িয়ে ফেলা হয় এবং তাদের শক্তিতে রূপান্তরিত করা হয়। পুনর্ব্যবহারের অযোগ্য প্লাস্টিক বা দূষিত

পুনর্ব্যবহারযোগ্য বর্জ্য একটি বর্জ্য থেকে শক্তি উৎপাদনকারী প্ল্যান্টে যাবে এবং সেগুলি শক্তি উৎপাদন করার জন্য পুড়িয়ে ফেলা হবে। নির্মাণের ফলে উৎপন্ন বর্জ্য এবং দূষিত বর্জ্য শক্তি পুনরুদ্ধারে কাজে লাগে না তাই এগুলিকে জমি ভরাট করার জন্য পাঠানো যেতে পারে। যেখানে কম্পোস্টিংয়ের সুবিধা উপলব্ধ নেই, সেখানে খাদ্য এবং কম্পোস্টেবল প্যাকেজিং অ্যানেরোবিক হজমের মাধ্যমে প্রক্রিয়া করা যেতে পারে যা প্রযুক্তিগতভাবে পুনরুদ্ধারকারী একটি উপায়।

### 5. শুদ্ধিকরণ

ট্রিটমেন্ট হল যেখানে বর্জ্যকে প্রাকৃতিক পরিবেশে যেমন বর্জ্য জলে ফেলার আগে শোধন করা হয়। অনুষ্ঠানের সময় আপনাকে যে কোনও সরঞ্জাম ধোয়ার বিষয়ে সচেতন হতে হবে এবং নিশ্চিত করতে হবে যে, যেসব পণ্য ব্যবহার করা হয়েছে সেগুলিকে যেন শোধন না করেই নোংরা নর্দমা বা জলে ফেলে দেওয়া যেতে পারে।

অস্থায়ী স্যানিটারি ব্যবস্থা এবং রান্নাঘরের জন্য উপলব্ধ সুবিধাগুলিকে সঠিক নিষ্কাশন ব্যবস্থার সাথে সংযুক্ত করতে হবে।

### 6. নিষ্পত্তি

নিষ্পত্তি বলতে বোঝায় বর্জ্য যখন ভূমি ভরাটের জন্য পাঠানো হয় – এটি একটি বিপজ্জনক বর্জ্যের ক্ষেত্রে এবং কিছু নির্মাণ সামগ্রীর ক্ষেত্রে করা হয়, তবে, রং, কার্বন ফাইবার এবং রেজিনের মতো উপাদান পুনরুদ্ধারের জন্য উদ্ভাবনগুলি ক্রমবর্ধমান হারে উপলব্ধ এবং এগুলি নিয়ে অনুসন্ধান করা উচিত। এগুলি শুধুমাত্র বিশেষজ্ঞ ঠিকাদারদের মাধ্যমেই উপলব্ধ হতে পারে।

সাবধানতার সাথে আয়োজনের মাধ্যমে নিষ্পত্তি কম করা যেতে পারে তাই বর্জ্য ব্যবস্থাপনা পরিকল্পনায় এটিকে যতদূর সম্ভব এড়ানো উচিত। প্লাস্টারবোর্ড (জিপসাম) এর মতো উপাদানগুলি আলাদা করার প্রয়োজন আছে এবং এগুলিকে নিয়মিত ভূমি ভরাটের কাজে লাগানো যাবে না তাই আয়োজনের পর্যায়েই অপসারণ করা উচিত।

অন্যান্য বিপজ্জনক বা বিশেষ বর্জ্য পদার্থ যেমন ব্যাটারি, তেল এবং বর্জ্য ইলেকট্রনিক যন্ত্রপাতি স্থানীয় প্রবিধান অনুযায়ী আলাদা এবং নিষ্পত্তি করতে হবে। বর্জ্য সম্পর্কিত পরিকল্পনা পর্যায়ে এগুলি চিহ্নিত করা উচিত।

## বর্জ্য সম্পর্কিত আলোচনা

কর্মী, ঠিকাদার এবং দর্শকদের পরিকল্পনাটি জানানো হল গুরুত্বপূর্ণ একটি কাজ। পরিচ্ছন্নতার জন্য ভারপ্রাপ্ত ঠিকাদারকে বর্জ্য ব্যবস্থাপনায় সক্রিয়ভাবে নিযুক্ত করা উচিত যাতে তাদের অভ্যন্তরীণ প্রশিক্ষণ বিভিন্ন বর্জ্যের ধরনকে কভার করে এবং যেখানে বর্জ্য স্রোত বা অপর্যাপ্ত বিনের দূষণ ঘটবে তার রিপোর্ট পাওয়া যায় যাতে বর্জ্য পরিকল্পনা বিফলে যাওয়ার আগেই ব্যবস্থা নেওয়া যেতে পারে।

সমস্ত বর্জ্য আধার জুড়ে সুসংগত, স্পষ্ট ধারনাদায়ক ডায়াগ্রাম এবং/অথবা কালার কোডিং সহ পরিষ্কার সাইনেজ বা নির্দিষ্ট বিষয়ের জন্য নির্দিষ্ট চিহ্ন থাকা অপরিহার্য। প্রতিটি স্থানে উৎপন্ন বর্জ্যের ধরন অনুসারে বিনগুলি পড়ে সরবরাহ করা উচিত। অনেক মানুষই কোন বর্জ্যের জন্য কোন বিন নির্দিষ্ট তা দেখেন না – তারা সামনে যেটি পান সেটিতেই আবর্জনা নিঃক্ষেপ করেন।

কীভাবে বর্জ্যের পরিমাণ কমানো যায় সেই সম্পর্কে কর্মীদের এবং স্বেচ্ছাসেবকদের সংক্ষিপ্ত ধারনা দেওয়ার জন্য অনুষ্ঠানের পূর্বে প্রশিক্ষণ গ্রহণ করা উচিত তা এবং তাদের নিয়মিত সেইভাবে কাজ করার কথা স্মরণ করিয়ে দিতে হবে – **যা স্বীকৃতি প্রক্রিয়ায় কাজের জন্য উপযুক্ত পদক্ষেপ হিসাবে বিবেচিত হতে পারে।**

সরবরাহকারী এবং ঠিকাদারদের সাথে অনুষ্ঠানের আগে, অনুষ্ঠানের স্থান চয়নের ব্যাপারে সংক্ষিপ্ত ধারনা দেওয়ার আগে আলোচনা করে নিতে হবে এবং স্বীকৃতি প্রক্রিয়ার সময়ও পুনরায় করতে হবে।

## পর্যবেক্ষণ এবং মতামত জানানো

### অনুষ্ঠানের সময় দেখাশোনা করা

পরিকল্পনাটি সফলভাবে কাজ করছে কিনা তা নিশ্চিত করার জন্য সাড়া অনুষ্ঠান জুড়ে নিয়মিত হিসাবনিকেশ রাখার সুপারিশ করা হয়। বিনের অবস্থান এবং

সাইনেজ বা চিহ্ন এবং মেসেজিং স্থানান্তর করা এবং এর সাথে মানিয়ে নিতে সক্ষম হওয়ার জন্য পরিকল্পনায় বিধান এবং সংস্থান চিহ্নিত করা উচিত।

### বর্জ্য সংক্রান্ত রিপোর্টিং

বর্জ্য ব্যবস্থাপনা পরিকল্পনার কার্যকারিতা মূল্যায়ন করতে এবং লক্ষ্যমাত্রা অনুসারে কৃতিত্বের মূল্যায়ন করতে, বর্জ্য সম্পর্কিত তথ্য ন্যূনতম প্রয়োজনীয় তথ্যের সাথে রেকর্ড করতে হবে যাতে নিম্নলিখিত বিষয়গুলি অন্তর্ভুক্ত থাকে:

- বর্জ্যের মোট পরিমাণ (টন)
- বর্জ্যের প্রকারভেদ (সাধারণ বর্জ্য, পুনর্ব্যবহৃত, কাচজাতীয়, খাদ্য) অনুসারে মোটের উপর % ভাগ করা
- প্রতিটি বর্জ্য প্রকারের প্রক্রিয়াকরণ পদ্ধতি

এই তথ্যগুলি বর্জ্য ঠিকাদার দ্বারা সংগৃহীত হতে হবে এবং এটি চুক্তির একটি প্রয়োজনীয়তা অনুসারে গণ্য হওয়া উচিত, যা সাধারণত পরিষেবাটি সম্পূর্ণ হলে এবং তথ্য সরবরাহ করার পরে পূরণ করা হয়।

নির্দিষ্ট কিছু দেশে, বর্জ্যের রেকর্ডগুলি বর্জ্য উৎপাদনকারী অর্থাৎ অনুষ্ঠান আয়োজনকারীর কর্তৃপক্ষ দ্বারা সংরক্ষণ করতে হয়। বর্জ্য পরিকল্পনায় একটি নির্দিষ্ট দেশের জন্য প্রযোজ্য আইনি প্রয়োজনীয়তা উল্লেখ করা উচিত।



*বিনের পাশে যে বর্জ্য ফেলা হবে তার চিহ্নের উদাহরণ এবং ঢাকনা ও বিন একসাথে রাখতে হবে*

এই পদক্ষেপগুলি অনুষ্ঠান পরিকল্পনা ও পরিচালনার সময়পর্ব জুড়ে গৃহীত করা উচিত:

### 1. অনুষ্ঠান পরিকল্পনা করাকালীন

- অনুষ্ঠান চলাকালীন আদেশ পালন করার বিষয়টি নিশ্চিত করার জন্য প্রাসঙ্গিক, প্রযোজ্য আইন চিহ্নিত করা হয়েছে
- কার্যকরী, সুস্থায়ীভাবে অনুষ্ঠিত হওয়ার বিষয়টি কার্যকর করা হয়েছে, যা বর্জ্যের পরিমাণ সীমিত করার জন্য অপরিহার্য, বিশেষ করে এই দ্রুত চলমান বিশ্বের অনুষ্ঠানে
- একটি সম্পদ সম্বন্ধিত ব্যবস্থাপনা পরিকল্পনা তৈরি করা হয়েছে, বর্জ্য শ্রেণিবিন্যাস অনুসরণ করে, উপকরণ/পণ্য শনাক্ত করা হবে এবং তাদের বর্জ্য নিষ্পত্তির উপায় নির্ধারণ করা হবে
- প্রযোজ্য বর্জ্যের ধরন চিহ্নিত করা হয়েছে
- বর্জ্যের পৃথকীকরণ কার্যকর করার জন্য বর্জ্য পাত্র এবং ঢাকনার জন্য সেরা বিকল্পগুলি নির্ধারণ করা হয়েছে
- বর্জ্যের পরিমাণ অনুমান করা হয়েছে এবং স্টেকহোল্ডারদের চাহিদা মেটাতে ডিজাইন করা সাইনেজ বা চিহ্ন সহ সেই অনুযায়ী বিনগুলি বরাদ্দ করা হয়েছে
- বর্জ্য পৃথকীকরণের সুবিধার্থে স্পষ্টভাবে শনাক্তযোগ্য বিনগুলির জন্য অবস্থানগুলি চিহ্নিত করা হয়েছে - যেমন 1) কাগজ এবং কার্ড, (2) বোতল আকৃতির প্লাস্টিক এবং টিন/ক্যান, এবং (3) সাধারণ / অবশিষ্ট বর্জ্য
- নিরাপদে এবং নিঃসংকোচে বর্জ্য পদার্থ সংরক্ষণের সুবিধার্থে পর্যাপ্ত জায়গার পরিকল্পনা করা হয়েছে
- বিপজ্জনক বর্জ্যের প্রকার চিহ্নিত করা হয়েছে এবং সংরক্ষণ সম্পর্কিত প্রাসঙ্গিক অতিরিক্ত সতর্কতা নেওয়া হয়েছে
- সমস্ত কর্মীদের বর্জ্য ব্যবস্থাপনা পরিকল্পনা ব্যবহারের অনুমতি আছে

### সরবরাহকারী এবং ঠিকাদারী পরিষেবা নির্বাচন

- বর্জ্য ব্যবস্থাপনার ভারপ্রাপ্ত ঠিকাদাররা তাদের চিহ্নিত বর্জ্যের ধরন অনুসারে কার্য পরিচালনা করার এবং বর্জ্য শ্রেণিবিন্যাস জুড়ে বিতরণ করার ক্ষমতার ভিত্তিতে বর্জ্য সংগ্রহ করে; এই কাজে 1 জনের বেশি ঠিকাদারের প্রয়োজন হতে পারে
- চুক্তি করার আগে বর্জ্য ঠিকাদারের প্রাসঙ্গিক নিবন্ধন এবং লাইসেন্স আছে কিনা তা নিশ্চিত করুন

## 2. অনুষ্ঠান পরিচালনা করাকালীন

- বর্জ্য ব্যবস্থাপনা পরিকল্পনা নিরীক্ষণ এবং প্রয়োগের জন্য কারোর ওপর দায়িত্ব অর্পন করুন। সাড়া অনুষ্ঠান জুড়ে নিয়মিত হিসাবনিকেশ পরিকল্পনাটি সফলভাবে কাজ করছে কিনা তা নিশ্চিত করে
- কীভাবে বর্জ্য কমানো যায় সে সম্পর্কে কর্মী ও স্বেচ্ছাসেবকদের সংক্ষিপ্ত ধারনা প্রদান করুন এবং তাদের নিয়মিত সেইভাবে কাজ করার কথা স্মরণ করিয়ে দিন
- ঘরের পিছনে এবং বাড়ির সামনের উভয় স্থানের জন্যই (সহজে তথ্য অনুসরণ করার জন্য চোখে পড়ার মত স্থানে লেখা, বিনের ঢাকনা সহ রাখা হবে যাতে সম্পূর্ণরূপে শনাক্তকরণ করতে এবং দূষণ প্রতিরোধে সহায়তা করে সেই অনুসারে) পরিকল্পনা অনুযায়ী বিন বিতরণ করা হয়েছে
- বিন ব্যবহার পরিচালনা/পরিষ্কার করা এবং দূষণ ছড়ানো রোধ করার জন্য কোনো দায়িত্ব ন্যস্ত করা হয়েছে
- নিশ্চিত করুন যে বর্জ্য বহনকারী হিসাবে স্থানীয় পরিবেশ সংস্থার সাথে নিবন্ধিত একটি কোম্পানি দ্বারা বর্জ্য সংগ্রহ করা হয়েছে এবং একটি অনুমোদিত বর্জ্য স্থান বা স্থানান্তর করা জায়গায় তা নিয়ে যাওয়া হচ্ছে।
- বর্জ্য সংগ্রহের সময়সূচী প্রকাশ করুন
- নিঃসংকোচে এবং নিরাপদ স্থানে বর্জ্য সংরক্ষণ করুন, নিশ্চিত করুন যে বিপজ্জনক বর্জ্য সংরক্ষণ করার সময় অতিরিক্ত সতর্কতা অবলম্বন করা হয়েছে
- প্রতিদিনের পালিত না হওয়া সমস্যাগুলিকে সমাধান করার জন্য নেওয়া পদক্ষেপের সাথে প্রতিদিন পর্যালোচনাও করা হয়

## 3. অনুষ্ঠান পরবর্তী কার্যক্রম

- বর্জ্য উৎপাদন রেকর্ড করা হবে, যার মধ্যে অন্তত, নিম্নলিখিত বিষয়গুলি রয়েছে:
  - বর্জ্যের মোট পরিমাণ (টন)
  - বর্জ্যের প্রকারভেদ (সাধারণ বর্জ্য, পুনর্ব্যবহৃত, কাচজাতীয়, খাদ্য) অনুসারে মোটের উপর % ভাগ করা
  - প্রতিটি বর্জ্য প্রকারের প্রক্রিয়াকরণ পদ্ধতি
- সমস্ত বর্জ্য ব্যবস্থাপনা ঠিকাদাররা বর্জ্য ব্যবস্থাপনা পরিকল্পনা অনুসারে প্রতিক্রিয়া এবং তথ্য সংগ্রহ করার কাজে নিযুক্ত রয়েছেন, যা অনুষ্ঠান-পরবর্তী রিপোর্টে দেওয়া হবে
- বর্জ্য ব্যবস্থাপনা পর্যালোচনা করা হবে, উদ্দেশ্য এবং KPI- অনুসারে অনুষ্ঠান-পরবর্তী পর্যালোচনা বৈঠকের অংশ হিসেবে

## 5. শক্তি ব্যবস্থাপনা

শক্তির শর্তানুসারে কার্বন সামগ্রী হ্রাস করে তার ক্রিয়াকলাপ থেকে যতটা সম্ভব কম কার্বন ফুটপ্রিন্ট নিশ্চিত করতে, ওয়ার্ল্ড অ্যাথলেটিক্স শক্তির কার্যকারিতার উচ্চ স্তরে কাজ করতে প্রতিশ্রুতিবদ্ধ। ওয়ার্ল্ড অ্যাথলেটিক্স 2030 সালের মধ্যে শূণ্য পরিমাণ কার্বন উৎপন্ন করে কার্বনে নিরপেক্ষ হওয়ার লক্ষ্য নির্ধারণ করেছে। অনুষ্ঠানগুলি থেকে উৎপন্ন শক্তি হল কার্বন নির্গমনের একটি উল্লেখযোগ্য ক্ষেত্র। ওয়ার্ল্ড অ্যাথলেটিক্স যে কোনো স্টেডিয়ামের মালিক নয় তা স্বীকার করে, আয়োজক শহর, স্থান, LOC এবং সুস্থায়ী লক্ষ্যে সরবরাহকারীদের সাথে জড়িত হয় এবং কার্বন হ্রাস করার মূল উদ্দেশ্যে সহযোগিতা করে।

বিশ্বব্যাপী, শক্তি উৎপাদন এখনও প্রধানত নবীকরণ যোগ্য নয়, জীবাশ্ম জ্বালানীর উৎস থেকে উৎপাদিত হয় যা বৈশ্বিক কার্বন নির্গমনে অবদান রাখে। এই নির্দেশিকাটি আমরা সরাসরি যে শক্তি ব্যবহার করি সেই সম্পর্কিত, অনুষ্ঠানের সময় উৎপন্ন অস্থায়ী শক্তি, শক্তি বিধানের অংশ হিসাবে আমরা যে পণ্য এবং পরিষেবাগুলি সংগ্রহ করি তার উৎপাদনে ব্যবহৃত শক্তি।

শক্তি ব্যবস্থাপনার উদ্দেশ্য হল শক্তির উৎপাদন কমানো এবং যেখানে প্রযুক্তিগতভাবে সম্ভব, ডিজাইন এবং দক্ষতার মাধ্যমে আমাদের শক্তির চাহিদা দূর করা এবং জীবাশ্ম জ্বালানী থেকে জৈব জ্বালানী এবং পুনর্নবীকরণযোগ্য শক্তিতে স্থানান্তরিত হয়। ব্যবহৃত শক্তিকে পুনরায় কার্বনাইজ করা।

### আপনার কার্বন ফুটপ্রিন্ট পরিমাপ করুন এবং বিষয়টির উপর নজর দিন

আপনার কার্বন ফুটপ্রিন্ট পরিমাপ এবং বিষয়টির উপর নজর দিতে আরও তথ্যের জন্য দ্বিতীয় ওয়ার্ল্ড অ্যাথলেটিক্স-এর সুস্থায়ী ই-ট্রেনিং মডিউল দেখুন, কার্বন নির্গমন কী বোঝার চেষ্টা করুন, যা এখানে উপলব্ধ।

বিদ্যুৎ, জ্বালানি, অস্থায়ী শক্তি সবই একটি অনুষ্ঠানের সামগ্রিক কার্বন ফুটপ্রিন্টের একটি উল্লেখযোগ্য অংশ গঠন করে এবং এর প্রভাবের মাত্রা বুঝে সেই অনুযায়ী পদক্ষেপ গ্রহণ করতে সাহায্য করবে।

প্রশিক্ষণটি এ বিষয়ে আরও বিস্তারিত ব্যাখ্যা প্রদান করবে, তবে শক্তি খরচ সরাসরি নির্গমনের একটি মূল অংশ গঠন করে যার নাম স্কোপ 1 এবং স্কোপ 2 নির্গমন। এগুলি সমাধান করার জন্য গুরুত্বপূর্ণ।

### শক্তি ব্যবস্থাপনা পরিকল্পনা

প্রতিটি অনুষ্ঠানের এমন একটি শক্তি ব্যবস্থাপনা পরিকল্পনা তৈরি করা উচিত যা কার্বন নিঃসরণ কমানোর উদ্দেশ্যে "LEGO" শক্তি শ্রেণিবিন্যাসের মাধ্যমে কাজ করে।




- **লিন** – অনুষ্ঠান কেন্দ্রিক ডিজাইন অনুসারে অপ্রয়োজনীয় শক্তির চাহিদা দূর করে যেমন, HVAC-এর প্রয়োজনীয়তা হ্রাস করে। কর্মী, স্বেচ্ছাসেবক এবং ঠিকাদারদের দ্বারা ব্যবহার না করার সময় সরঞ্জামগুলি বন্ধ করে দেওয়া নিশ্চিত করে মোট খরচ হ্রাস করুন
- **এফিসিয়েন্ট** – অস্থায়ী বিদ্যুত ব্যবস্থার মাধ্যমে, দক্ষতার সাথে শর্তগুলি ডিজাইন করার জন্য ঠিকাদারের সাথে কাজ করা এবং নিশ্চিত করা যে সমস্ত সরঞ্জামগুলি শক্তি সাশ্রয়ী – যেমন, LED আলো
- **গ্রীন** – জেনারেশনের ধরন বেছে নিয়ে শক্তির ব্যবস্থাকে ডি-কার্বনাইজ করুন; সর্বোত্তম/সর্বনিম্ন কার্বন ফুটপ্রিন্ট সহ স্থায়ী বা অস্থায়ীভাবে, উদাহরণস্বরূপ:
    - মেন/গ্রিড পাওয়ারের জন্য পুনর্নবীকরণযোগ্য শক্তি ব্যবহার করে যেখানেই সম্ভব গ্রিড সংযোগ ব্যবহার করুন
    - অস্থায়ী শক্তির জন্য জৈব জ্বালানী, সৌর-হাইব্রিড, হাইড্রোজেন জ্বালানী কোষ ব্যবহার করুন
    - সৌর শক্তির সর্বাধিক ব্যবহার করার জন্য শক্তি সঞ্চয়ের কথা বিবেচনা করুন

- **অ**ফসেট – অবশিষ্ট নির্গমন হল অবশিষ্ট কার্বন নির্গমন গণনা করা এবং একটি প্রাসঙ্গিক অফসেট প্রোগ্রাম নির্বাচন করা। পর্যবেক্ষণের মধ্যে রয়েছে ক্রমাগত উন্নতি করে যাওয়ার জন্য অনুষ্ঠান জুড়ে মোট শক্তির চাহিদা নির্ধারণ করা এবং ভবিষ্যতের ঘটনাগুলির মোকাবিলা করার জন্য শিক্ষণীয় পাঠগুলি বিবেচনা করা।

এই পদক্ষেপগুলি অনুষ্ঠান পরিকল্পনা ও পরিচালনার সময়পর্ব জুড়ে গৃহীত করা উচিত:

## 1. অনুষ্ঠান পরিকল্পনা করাকালীন

### লিন

- কৃত্রিম আলোর পরিবর্তে প্রাকৃতিক আলো ব্যবহার করা হয়। যেখানে প্রয়োজন, শক্তি সঞ্চয়ে দক্ষ আলো ব্যবহার করা হয়
- পূর্ব- এবং পরবর্তী-ব্রডকাস্টের সময় প্রয়োজনীয় আলো ব্যবহারের সময় কমিয়ে দিন
- বসার স্থান/অস্থায়ী অবকাঠামো এবং অনুষ্ঠান আয়োজিত অফিসগুলিকে অভিযোজিত করার জন্য পরিকল্পনা করুন যাতে উষ্ণ এবং শীতল অঞ্চলগুলি পৃথক স্বাচ্ছন্দ্যের জন্য এবং গরম/কুলিংয়ের কম ব্যবহার এড়ানো যেতে পারে

### এফিসিয়েন্ট

- লোড এবং ব্যবহার সফলভাবে বাস্তবায়িত করে অস্থায়ী বিদ্যুৎ পরিকল্পনা বিতরণের জন্য জেনারেটরের প্রয়োজন হয়
- শক্তি সাশ্রয়ী সরঞ্জাম, আলো, শব্দ, ক্যাটারিং, হিটিং, কুলিং ব্যবহার করে যতটা সম্ভব শক্তি ব্যবহারে দক্ষ হতে ীই ধরনের জিনিস বেছে নিন বা ভাড়া নিন
- নিশ্চিত করুন যে সমস্ত সরবরাহকারী/অংশীদার/স্পন্সর অবকাঠামো বা ইনস্টলেশনগুলি শক্তি ব্যবহারে দক্ষ সরঞ্জাম দ্বারা সজ্জিত।

### গ্রীন

- যেখানে সম্ভব গ্রিড (100% পুনর্নবীকরণযোগ্য) ইলেকট্রিসিটি নির্বাচন করুন
- যেখানে জেনারেটর ব্যবহার করা আবশ্যক সেখানে জৈব জ্বালানী বা অন্যান্য কম কার্বন জ্বালানী ব্যবহারের সম্ভাব্যতা চিহ্নিত করুন
- অনুষ্ঠান আয়োজনের অংশীদারিত্ব শূন্য কার্বন উৎপন্ন করে শক্তি সমস্যার সমাধানকে প্রদর্শন করে
- যেখানে উচ্চ তাপমাত্রার কারণে HVAC প্রয়োজন, সেখানে সৌর শক্তির ব্যবহার এর একটি বিবেচিত বিকল্প হওয়া উচিত
- জেনারেটর/ কালো ধোঁয়া থেকে কোনো রকমের দূষণ যেন না ঘটে তা নিশ্চিত করুন

### অফসেট

- নিশ্চিত করুন যে সরবরাহকারীদের (24 ঘন্টায়) মোট কত বিদ্যুত খরচ (kWh) হয়েছে এবং জেনারেটরের জন্য – লিটারে কত জ্বালানি খরচ হয়েছে তার রেকর্ড রাখা হয়েছে এবং যদি সম্ভব হয়, পরিষেবা চুক্তির মধ্যে বিশদ বিবরণ সহ জেনারেটরগুলির কার্যকারিতা পর্যবেক্ষণ এবং প্রতিবেদনের প্রয়োজনীয়তা নিরীক্ষণ করার জন্য সংক্ষেপে ধারনা প্রদান করা হয়েছে।

## 2. অনুষ্ঠান পরিচালনা করাকালীন

### লিন

- শক্তি ব্যবস্থাপনা সম্পর্কে সমস্ত কর্মী এবং স্বেচ্ছাসেবকদের সংক্ষিপ্ত ধারনা দিন, এটা নিশ্চিত করতে:
  - স্টেজ লাইটিং, স্ক্রিন, PA (ডেস্ক এবং চালিত স্পিকার) সহ সরঞ্জাম, ব্যবহার না হলে বা প্রয়োজন না হলে বন্ধ রাখা।
  - ব্যাটারি চার্জার (ফোন, দ্বিমুখী রেডিও এবং অন্যান্য সরঞ্জামের জন্য) ব্যবহার না করার সময় বন্ধ রাখা।
- পরিষ্কারভাবে সরঞ্জামগুলি লেবেল করা যেগুলি চালু রাখা আবশ্যক

- প্যাসিভ কুলিং এবং হিটিং আদর্শ আচরণ হওয়া উচিত; জানালা খোলা এবং বন্ধ করা, এবং HVAC-তে ফ্যান ব্যবহার করা হচ্ছে
- দিনের শেষে সাইটটি ঘুরে দেখা এটা নিশ্চিত করতে যে যেখানেই সম্ভব যন্ত্রপাতি/লাইট/জেনারেটর বন্ধ আছে

### এফিসিয়েন্ট

- সাইটে থাকা সমস্ত সরঞ্জাম শনাক্ত করুন এবং রেকর্ড করুন যা আরও দক্ষ সরঞ্জাম বানানোর জন্য অপসারণ বা আপগ্রেড করা যেতে পারে
- সমস্ত দর্শকদের কাছে শক্তি খরচ কমাতে সহজ পদক্ষেপ অনুসরণ করে যোগাযোগ করুন
- প্রতিদিনের পালিত না হওয়া সমস্যাগুলিকে সমাধান করার জন্য নেওয়া পদক্ষেপের সাথে প্রতিদিন পর্যালোচনাও করা হয়

## 3. অনুষ্ঠান পরবর্তী কার্যক্রম এবং পর্যালোচনা

### লিন/এফিসিয়েন্ট

- ইভেন্টের পর সরবরাহকারী/ ঠিকাদার এবং প্রাসঙ্গিক কর্মীদের সাথে 'ওয়াশ আপ' মিটিং করা যা শক্তির ব্যবহার এবং ব্যবস্থাপনা পর্যালোচনা করে সফলতা অর্জন এবং ক্রমাগত উন্নতির পথে এগিয়ে যাওয়ার জন্য শেখা পাঠগুলির ক্যাপচার করতে সহায়তা করে।
- শক্তির লক্ষ্য এবং KPI অনুসারে পারফরম্যান্স পর্যালোচনা করা হয়েছে এবং অনুষ্ঠান-পরবর্তী পর্যালোচনা মিটিংয়ের অংশ হিসাবে তালিকাভুক্ত করা হয়েছে

### অফসেট

- সরবরাহকারীর কাছ থেকে মোট গ্রিড ইলেকট্রিসিটি লগ করুন
- উৎপন্ন অস্থায়ী শক্তি লগ করুন - মোট বিদ্যুৎ খরচ (kWh), লিটারে জ্বালানী খরচ, জেনারেটরের ক্ষমতা (যদি সম্ভব হয়), 24 ঘন্টা লোডিং চার্ট
- অবশিষ্ট কার্বন নিঃসরণ গণনা করুন এবং অনুষ্ঠানের সময় শক্তি খরচ থেকে কার্বন প্রভাব কমাতে একটি প্রাসঙ্গিক, বিশ্বাসযোগ্য, অফসেট অংশীদার বা স্থানীয় সম্প্রদায় প্রকল্প নির্বাচন করুন
- অনুষ্ঠান-পরবর্তী রিপোর্টে সমস্ত তথ্য, শিক্ষা এবং অর্জনগুলিকে যুক্ত করুন

## 6. খাদ্য ব্যবস্থাপনা

খাদ্য উৎপাদন বিশ্বের গ্রিনহাউস গ্যাস নির্গমনের এক-চতুর্থাংশের জন্য দায়ী। খাদ্য ব্যবস্থাপনাকে খাদ্য কোথা থেকে আসে এবং কীভাবে এটি চাষ বা পালন করা হয়েছে তা দেখতে হবে। একটি উদ্ভিজ খাদ্য-ভিত্তিক মেনু উল্লেখযোগ্যভাবে খাদ্য প্রস্তাবের তালিকায় কার্বন প্রভাব কমিয়ে দেবে। একটি ভেগান খাদ্য তালিকা, খাদ্যে কার্বনের প্রভাব মাংস-ভিত্তিক মেনুর তুলনায় 90% পর্যন্ত কমাতে পারে।

একটি সুস্থায়ী ফুড চার্টার বাস্তবায়নের লক্ষ্য হওয়া উচিত স্বাস্থ্যকর এবং সাশ্রয়ী মূল্যে খাদ্য সরবরাহ করা, যা পরিবেশের জন্য যতটা সম্ভব কম বাধা-বিপত্তি সৃষ্টি করে এবং নিম্নলিখিত দৃষ্টিনিঃক্ষেপকারী ক্ষেত্রগুলির মাধ্যমে স্থানীয় উৎপাদকদের উপকার করে:




| Comparison of carbon for different menu options | বিভিন্ন মেনু বিকল্পের জন্য কার্বনের তুলনা |
|---|---|
| Average meat-based | গড় মাংস-ভিত্তিক |
| Vegetarian - fish | নিরামিষাশী – মাছ |
| Vegetarian | নিরামিষাশী |
| Vegan | ভেগান |

### স্থানীয় খাবার সরবরাহ করা

- তাজা, মরশুমি এবং স্থানীয় খাবার গ্রহন করে খাবারের পরিবহন ব্যয় হ্রাস করুন
- 25 মাইলের মধ্যে থেকে বেশিরভাগ খাদ্যের জোগান করে স্থানীয় চাষি এবং ব্যবসায়িকদের পাশে দাঁড়ান
- স্থানীয় বৈচিত্র্যময় খাদ্য সংস্কৃতি উদযাপন করুন

### দায়িত্বশীলভাবে জোগান করা

- সুস্থায়ীভাবে উৎপাদিত খাদ্যে কম কার্বন ফুটপ্রিন্ট থাকে
- প্রথাগতভাবে আমাদের স্থানীয় জেলেদের কাছ থেকে আমাদের মাছ এবং সামুদ্রিক খাবারের 100% সুস্থায়ী জোগান পাওয়া যায়
- আরও দূর থেকে সরবরাহ করা খাদ্য ন্যায্য বাণিজ্য এবং নৈতিকভাবে নিশ্চয়তা দেয় যে উৎপাদকরা তাদের পণ্যের ন্যায্য মূল্য পাবে

### স্বাস্থ্যকর পরিবেশ

- অর্গানিক, ফ্রি রেঞ্জ বা LEAF মার্ক স্বীকৃত সরবরাহকারীদের থেকে জোগান দেওয়া হয়। LEAF স্বীকৃত কৃষি পদ্ধতি নিশ্চিত করে যে, মাটি ও পরিবেশকে কৃত্রিম রাসায়নিক থেকে রক্ষা করা হয় এবং প্রাণী কল্যানে উচ্চ মান অনুসরণ করা হয়। অন্যান্য মানগুলির মধ্যে রয়েছে রেড ট্র্যাক্টর (UK), ডিমিটার, দ্য সয়েল অ্যাসোসিয়েশন, রেইনফরেস্ট অ্যালায়েন্স এবং ইন্টারন্যাশনাল ফাউন্ডেশন ফর অর্গানিক এগ্রিকালচার (IFOAM)। আপনার নিজের এলাকায় শংসাপত্রের বিকল্পগুলির ব্যাপারেও তদন্ত করুন।

### মেনু পরিকল্পনা

- মরশুমি পণ্য এবং সঠিক অংশ অন্তর্ভুক্ত করার জন্য মেনু পরিকল্পনা করুন
- সমস্ত খাদ্যতালিকাগত প্রয়োজনীয়তা বিবেচনা করা হয়েছে কিনা তা নিশ্চিত করুন
- স্বাস্থ্য এবং সুস্থতা বজায় রেখে মেনু পরিকল্পনা করুন
- ভোক্তার কাছে উদ্ভিজ খাদ্য-ভিত্তিক অফারটি সর্বাধিক করুন

### খাদ্যজাত বর্জ্যের ব্যবস্থাপনা

- সামান্য বা পুনর্ব্যবহারযোগ্য প্যাকেজিং ব্যবহার করা পণ্য ব্যবহার করুন
- সমস্ত নিষ্পত্তিযোগ্য টেবিলওয়্যার একবার-ব্যবহারযোগ্য প্লাস্টিক এবং পলিস্টাইরিন ব্যবহার করা এড়িয়ে চলুন

### অব্যবহৃত খাদ্য দান করুন

- যেখানে রান্না করা খাবার সহ অবশিষ্ট খাবার উৎপন্ন করা অনিবার্য, সেখানে স্থানীয় সংস্থাগুলিতে এটি দান করার উপায়গুলি চিহ্নিত করুন এবং যেগুলি সত্যিই যাদের এটির প্রয়োজন কাছে তাদেরকে বিতরণ করুন।

### অবহিত করুন এবং সচেতনতা বাড়ান

- আমরা একটি ইতিবাচক খাদ্য সংস্কৃতি তৈরি করতে চাই যা আমরা যে খাবার খাই, যে প্রাণীরা এটি সরবরাহ করে এবং যারা এটি উৎপাদন করে তাদের প্রতি একটি বৃহত্তর কৃতজ্ঞতা রাখে। আমরা খাদ্যের স্বাস্থ্যগত এবং পরিবেশগত প্রভাব সম্পর্কে সচেতনতা বাড়াতে চেষ্টা, যাতে অনুসরনকারীরা আরও ভাল, আরও সুস্থায়ী পছন্দ বেছে নিতে পারে।

এগুলি নিম্নলিখিত অনুষ্ঠান পরিকল্পনার চক্র জুড়ে প্রয়োগ করা যেতে পারে:

### 1. অনুষ্ঠান পরিকল্পনা করাকালীন

### ক্যাটারার নির্বাচন করা

- ক্যাটারিং সরবরাহকারীরা আপনার খাদ্যের প্রয়োজনীয়তাগুলি সরবরাহ করতে পারে - একটি পরিষ্কার ফুড চার্টার তৈরি করা এই প্রয়োজনীয়তাগুলিকে RFP-এ অন্তর্ভুক্ত করার একটি সহজ উপায় হতে পারে এবং এটা তাদের পরিষেবা সরবরাহকে চুক্তিভিত্তিক রাখতে সাহায্য করতে পারে (বাস্তবায়ন পর্যায় দেখুন)
- ঠিকাদারদের সমস্ত প্রত্যাশিত মান পূরণের জন্য দায়বদ্ধ হতে হবে। সমস্ত মোবাইল কনসেশন জুড়ে যথাযথ পরিশ্রম সম্পন্ন হয়, যার অন্তর্গত সমস্ত প্রাসঙ্গিক আইন এবং খাদ্য ও স্বাস্থ্যবিধি মান মেনে চলা
- যেখানে সম্ভব, ক্যাটারিং গ্রহণকারীদের উচিত জৈব, ফ্রি রেঞ্জ বা LEAF মার্ক স্বীকৃত সরবরাহকারীদের থেকে খাদ্য জোগান করা - LEAF স্বীকৃতি নিশ্চিত করে যে চাষের পদ্ধতিগুলি মাটি এবং পরিবেশকে কৃত্রিম রাসায়নিক থেকে রক্ষা করে এবং প্রাণী কল্যাণে উচ্চ মানগুলি অনুসরণ করে।
- সুস্থায়ী আহরণ প্রক্রিয়ার ক্ষেত্রে বেশিরভাগ খাদ্যদ্রব্য 25 মাইল এলাকার মধ্যে থেকে সংগ্রহ করার দ্বারা স্থানীয় কৃষক ও ব্যবসাগুলিকে সহায়তা প্রদান করাকে প্রাধান্য দেওয়া হয়। আরও দূরবর্তী স্থান থেকে সরবরাহ করা খাদ্য ন্যায্য ও নৈতিক বাণিজ্যিক অনুশীলনের মধ্যেই পড়ে, যা নিশ্চিত করে যে উৎপাদকরা তাদের পণ্যের ন্যায্য মূল্য পাচ্ছেন।

### মেনু পরিকল্পনা

- নিম্নলিখিতগুলিকে অন্তর্ভুক্ত করার জন্য মেনুর পরিকল্পনা করা হয়েছে:
  - মরশুমি এবং সঠিক খাদ্যদ্রব্য
  - স্বাস্থ্যকর খাবার
  - উদ্ভিদজাত খাদ্যদ্রব্যের একটি উল্লেখযোগ্য পরিমাণ
  - সমস্ত খাদ্যতালিকাগত প্রয়োজনীয়তা
- খাবারের অপচয়কে যাতে ন্যূনতম করা যায় সেই অনুযায়ী মেনু, স্টক নিয়ন্ত্রণ এবং খাবারের ব্যবস্থার পরিকল্পনা করার জন্য কর্মী, ক্রীড়াবিদ এবং দর্শকদের সংখ্যার অনুমান করা হয়

### খাদ্য বর্জ্য ব্যবস্থাপনা

- অব্যবহৃত খাবার এবং অ-পচনশীল আইটেমগুলির ক্ষেত্রে খাবারের অনুদান/পুনরায় ব্যবহারের সুযোগগুলিকে চিহ্নিত করা উচিত।
- সমগ্র অনুষ্ঠান জুড়ে ক্যাটারিং প্রোগ্রামের বিতরণ পরিষেবা থেকে একবার ব্যবহারযোগ্য ক্রকারি এবং প্যাকেজিং সামগ্রীকে বাদ দেওয়া হয়। পচনের ক্ষেত্রে পচনযোগ্য টেবিলওয়্যার এবং প্যাকেজিং সামগ্রীর সক্ষমতার কথা মাথায় রেখে এসব জিনিস ব্যবহারের মূল্যায়ন করার কথাও মনে রাখবেন (বর্জ্য ব্যবস্থাপনা বিভাগটি দেখুন)
- খাদ্য বর্জ্য পৃথকীকরণ ব্যবস্থা চালু রয়েছে

## 2. অনুষ্ঠান পরিচালনা করাকালীন

### অনুবর্তিতা পরীক্ষা করুন

- আপনার ফুড চার্টার এবং আইনি অনুবর্তিতার অন্যান্য দিকগুলির ক্ষেত্রে অনুবর্তিতা পরীক্ষা করুন
  - প্রতিটি রান্নাঘরে খাদ্য নিরাপত্তা ব্যবস্থাপনা সিস্টেমের (এবং রেকর্ডের ফোল্ডার) একটি হার্ড কপি
  - ক্যাটারার এবং অন্যান্য ব্যক্তিদের স্বতন্ত্রভাবে যাচাই করা হয় এবং তারা সমস্ত নিয়ম মেনে চলছে তা নিশ্চিত করার জন্য সাইটের স্থানীয় কর্তৃপক্ষ দ্বারা তাদের পরীক্ষা করা হয়।
  - পরিকল্পনা অনুযায়ী মেনুর বিধান পর্যালোচনা করুন
- নিশ্চিত করুন যে ক্যাটারার প্রয়োজনীয় রিপোর্টিং মেট্রিক্স পূরণ করছে

### বর্জ্য পরীক্ষা করুন

- কোনও নিষ্পত্তিযোগ্য ক্রকারি এবং কাটলারি নেই তা নিশ্চিত করুন
- খাদ্যের অপচয় এড়াতে অংশ নিয়ন্ত্রণ পর্যালোচনা করুন
- নিশ্চিত করুন যে পচনশীল খাদ্য এমনভাবে পরিচালনা করা হয় যাতে তার সতেজতা দীর্ঘায়িত হয়
- নিশ্চিত করুন যে পণ্যের প্যাকেজিং সর্বনিম্ন করা হয়েছে এবং তা উপলব্ধ বর্জ্য নিষ্কাশন ব্যবস্থা অনুযায়ী করা হয়েছে
- নিশ্চিত করুন যে বর্জ্যকে পুনর্ব্যবহারযোগ্য বর্জ্যের প্রকারে বিভক্ত করা হয়েছে

### খাদ্য অনুদান প্রকল্প

- বর্জ্যের পরিমাণ কমাতে এবং সামাজিক মূল্য বৃদ্ধি করতে খাদ্য অনুদান প্রকল্পের ব্যবস্থা করুন

## 3. অনুষ্ঠান পরবর্তী কার্যক্রম

- ক্যাটারার এবং খাদ্য অনুদান প্রকল্প দ্বারা প্রাপ্ত ডেটা থেকে আপনার খাদ্য ব্যবস্থার কৃতিত্ব পর্যালোচনা করুন
  - খাদ্য সরবরাহের তালিকা
  - খাদ্যজাত বর্জ্যের নিষ্পত্তির পরিমাণ
  - রেস্টুরেন্টে পরিবেশিত কভারের সংখ্যা
- অনুষ্ঠান পরবর্তী পর্যালোচনা মিটিং এবং রিপোর্টের অংশ হিসেবে লক্ষ্য এবং KPI-এর সাপেক্ষে খাদ্য ব্যবস্থাপনা পর্যালোচনা করুন এবং তা নথিভুক্ত করুন

## 7. জলের ব্যবস্থাপনা

খেলার মাঠে এবং মাঠের বাইরে থাকা সমস্ত মানুষের জলের ব্যবস্থা সম্পর্কিত সচেতনতা থাকা একটি সফল অনুষ্ঠান পরিচালনার অপরিহার্য বিষয়। আজকের দিনে দাঁড়িয়ে জলবায়ু পরিবর্তনের প্রভাবের আলোকে যেখানে খরা এবং বন্যার ঘটনাগুলি ক্রমবর্ধমানভাবে উন্নত এবং উন্নয়নশীল উভয় দেশগুলিকেই প্রভাবিত করছে সেখানে জলের ব্যবস্থাপনা হল একটি চূড়ান্ত বিতর্কিত বৈশ্বিক সমস্যা। বিশ্বের বেশিরভাগ অংশেই সীমিত পরিমাণ বিশুদ্ধ পানীয় জল এবং স্যানিটেশন সুবিধা বাকি রয়েছে। ওয়ার্ল্ড অ্যাথলেটিক্স এই মূল্যবান জিনিসটির গুরুত্ব বোঝে এবং আমরা আমাদের জল সম্পদগুলিকে সংরক্ষণ ও সুরক্ষার জন্য প্রচেষ্টা চালাবো। এর মধ্যে জলীয় আবাসস্থল এবং প্রজাতিগুলির সংরক্ষণও অন্তর্ভুক্ত।

সুস্থায়ীভাবে জলের ব্যবস্থাপনার মধ্যে রয়েছে জলের অপচয় কমানো, অপেক্ষাকৃত পরিষ্কার বর্জ্য জলের পুনঃব্যবহার, তেল ও জ্বালানি দ্বারা দূষণের সম্ভাবনা দূর করা, রাসায়নিক পরিষ্কারের পণ্য এবং কঠিন বর্জ্য।

কার্যকরীভাবে, আপনার অনুষ্ঠানের লক্ষ্য হওয়া উচিত:

- খেলার মাঠে বা তার আশেপাশের জলজ পরিবেশে (নদী, হ্রদ, উপকূলীয় পরিবেশ ইত্যাদি) যাতে অনুষ্ঠানের কোনও চিহ্ন বহন না করে
- যেখানেই সম্ভব সেখানেই জল সংরক্ষণের কৌশল প্রণয়ন করুন
- ফিল্টার করা (প্রধান) পানীয় জলের সুবিধা প্রদান করুন

এটি নিম্নরূপে সমস্ত অনুষ্ঠান পরিকল্পনা চক্র জুড়ে প্রয়োগ করা হয়:

### 1. অনুষ্ঠান পরিকল্পনা করাকালীন

- একটি সরবরাহ এবং নিষ্পত্তি পরিকল্পনা তৈরি করতে ব্যবহার এবং নিষ্পত্তির বিকল্পগুলি পর্যালোচনা করুন যা পরিবেশের উপর প্রভাবকে কম করে, এবং যা থেকে পাওয়া যায়:
  - পরিষ্কার জল: পানীয় জল
  - নীল জল: কাপড় কাচা ও সেচের জন্য ব্যবহৃত পরিষ্কার জল (পানের জন্য নয়)
  - ধূসর জল: কাপড় কাচা এবং পরিষ্কার-পরিচ্ছন্নতামূলক কার্য থেকে উদ্ভূত কোনোরকম জৈব দূষণহীন জল
  - কালো জল: সালেজ এবং পয়ঃনিষ্কাশনের জল
- নিশ্চিত করুন যে সমস্ত আইনি অনুবর্তিতামূলক প্রবিধানগুলি জানা আছে, তা মেনে চলা হচ্ছে এবং প্রয়োজন হলে প্রাসঙ্গিক ডিসচার্জের সম্মতি পত্র এবং লাইসেন্সগুলিও প্রাপ্ত করুন
- সঠিক বিকল্প নির্বাচন করা:
  - যেখানে সম্ভব হবে সেখানে, অস্থায়ী স্থানে জল পরিবহনের পরিবর্তে প্রধান জল সরবরাহকারী লাইন থেকেই জল এবং স্যানিটেশন ব্যবহার করুন
  - যেখানে অস্থায়ী অবকাঠামোর প্রয়োজন রয়েছে, সেখানে পরিবহণের পথকে ন্যূনতম করা এবং সরঞ্জামের দক্ষতাকে সর্বাধিক করার লক্ষ্য রাখুন
  - অখণ্ডতা নিশ্চিত করতে নিয়মিতভাবে জলের অবকাঠামো পরিদর্শন করুন এবং যেখানে প্রয়োজন সেখানে দক্ষতার সাথে ক্ষয়/লিকেজ মেরামত করুন
  - জল সাশ্রয়ের ক্ষেত্রে কার্যকর পণ্য এবং পরিষেবাগুলিকে শনাক্ত করুন এবং প্রয়োগ করুন
  - বৃষ্টির জল/নীল বা ধূসর জলের ধারাগুলি যেমন, সেচ, কাপড় কাচা ইত্যাদির ব্যবহারের বাস্তবায়নের সুযোগগুলিকে চিহ্নিত করুন
  - ঠান্ডা জলে হাত ধোয়ার ব্যবস্থা স্যানিটেশনের জন্য যথেষ্ট এবং এতে জল গরম করার জন্য ব্যবহৃত শক্তির সঞ্চয় হয়
- পরিবেশকে রক্ষা করা

- ○ প্রয়োজন হলে, পরিচ্ছন্নতার জন্য সেইসব পণ্যগুলিকে চিহ্নিত করুন যা পরিবেশের ক্ষতি করে না
- ○ নিকাশি ব্যবস্থা এবং দূষিত পদার্থের সম্ভাব্য উৎসগুলি সম্পর্কে বুঝুন, যা পৃষ্ঠতলের নর্দমাগুলিকে রক্ষা করার ক্ষেত্রে সাহায্য করবে

- একবার ব্যবহারযোগ্য প্লাস্টিকের (বর্জ্য দেখুন) ব্যবহার নির্মূল করার জন্য পানীয় জলের রিফিল স্টেশন স্থাপনের পরিকল্পনা করুন
- ঘটনা এবং অনুবর্তিতা
    - ○ কোনও দুর্ঘটনার ক্ষেত্রে অনুষ্ঠানের নিরাপত্তা/জরুরি দলের অংশ হিসেবে সাইটে একটি নিকাশি পরিকল্পনা প্রস্তুত আছে তা নিশ্চিত করুন
    - ○ নিশ্চিত করুন যে অনুষ্ঠানের সমস্ত দলের কর্মীরা স্পিল প্রতিক্রিয়ার জন্য প্রশিক্ষিত - প্রশিক্ষণের রেকর্ড যাচাই করুন
    - ○ সমগ্র ইনস্টলেশন প্রক্রিয়া এবং অনুষ্ঠানের সময়কাল জুড়ে, নিশ্চিত করুন যে কোনও অস্থায়ী জলের ভাণ্ডারে কোনও ফুটো নেই
    - ○ জল নির্গমনমূলক কোনও দুর্ঘটনার ক্ষেত্রে সমস্যার সমাধানের জন্য সাইটে পর্যাপ্ত পরিমাণ স্পিল কিট মজুত রাখুন
    - ○ পরিবেশ বান্ধব পরিচ্ছন্নতামূলক দ্রব্যাদি এবং ব্যবহার করা যেকোনও রাসায়নিক অনুমোদিত কিনা তা যাচাই করুন এবং নিশ্চিত করুন যেকোনও রান-অফকে ন্যূনতম করা হয়েছে
    - ○ অ্যাথলিট, সরবরাহকারী এবং কর্মীদের জল সংরক্ষণের বার্তা প্রেরণ করুন যাতে নিশ্চিত করা যায় যে কোনও ট্যাপ এবং হোজ পাইপ অপ্রয়োজনীয়ভাবে খুলে রাখা হচ্ছে না
- নিশ্চিত করুন যে সরবরাহকারীরা ডেটা রিপোর্টিংয়ের প্রয়োজনীয়তাগুলি বোঝে - এই সমস্ত চুক্তির প্রয়োজনীয়তাগুলি পূরণ করুন

## 2. অনুষ্ঠান পরিচালনা করাকালীন

- ○ যে কোনও ঘটনা বা সম্ভাব্য ঘটনার কথা রিপোর্ট করুন এবং তার রেকর্ড রাখুন।

## 3. অনুষ্ঠান পরবর্তী কার্যক্রম

- নিশ্চিত করুন যে মোট জল খরচ এবং প্রধান ও অস্থায়ী উভয় প্রকার বর্জ্য জল নিষ্পত্তির উপর তথ্য সরবরাহ করা হয়েছে (চুক্তিগত প্রয়োজনীয়তা)
- জল সাশ্রয়কারী ডিভাইসসহ বা ডিভাইসহীন যন্ত্রাদিগুলিকে পর্যালোচনা করুন এবং যেগুলি সরবরাহ করা হয়নি সেগুলিকেও পর্যালোচনা করুন
- যেকোনো ঘটনার পর্যালোচনা করুন, তার কারণ চিহ্নিত করুন এবং পরবর্তী অনুষ্ঠানের ক্ষেত্রে যাতে এই ধরনের ঘটনা এড়ানো যায় সেই জন্য কার্যকর ব্যবস্থা চিহ্নিত করুন - ওয়ার্ল্ড অ্যাথলেটিক্স অনুষ্ঠান জুড়ে সেরা অনুশীলনকে শেয়ার করুন
- লক্ষ্যের সাপেক্ষে কতটা কি বাস্তবায়িত করা গেছে তা পর্যালোচনা করুন এবং উন্নতি করা যায় এমন ক্ষেত্রগুলিকে চিহ্নিত করুন

## ৪. ভ্রমণ পরিকল্পনা

ভ্রমণ হল বিশ্বব্যাপী কার্বন ডাই অক্সাইডের মতো বিভিন্ন গ্রিনহাউস গ্যাসের (GHG) দ্বিতীয় বৃহত্তম কারক। এটি শহর এবং নগরের স্থানীয় বায়ুর গুণমানেরও একটি প্রধান কারণ। অ্যাথলেটিক্সরা নানা জায়গায় ভ্রমণের ফলে উল্লেখযোগ্য পরিমাণ কার্বন ফুটপ্রিন্ট তৈরি করে যেমন, প্রশিক্ষণ, প্রতিযোগিতা বা মিটিং/সম্মেলন ইত্যাদি। একদিকে ভ্রমণ যেমন খেলাধুলার মাধ্যমে মানুষকে একত্রিত করার একটি ভিত্তি, অন্যদিকে তেমনই ভ্রমণ-সম্পর্কিত কার্বন নিঃসরণ খেলাধুলার সাথে যুক্ত প্রধান পরিবেশগত প্রভাবগুলির মধ্যে অন্যতম।

এই জিনিসটির কথা মাথায় রেখে অনুষ্ঠান সংগঠকদের ভালো গণপরিবহন ব্যবস্থাযুক্ত স্থানগুলিকে বেছে নেওয়ার চেষ্টা করা উচিত। অনুষ্ঠানের দর্শকদের সুস্থায়ী পরিবহনের বিকল্প বেছে নেওয়ার দ্বারা কার্বনের নির্গমন কমানোর ক্ষেত্রে সাহায্য করতে উৎসাহিত করা উচিত। রেফারেন্সের জন্য তথ্য লিঙ্ক সহ, দপ্তর এবং অনুষ্ঠানের সাথে জড়িত সমস্ত শহরের একটি পরিবহন তালিকা তৈরি করা উচিত।

একটি সুস্থায়ী ভ্রমণ পরিকল্পনার বিকাশ এবং বাস্তবায়ন নিশ্চিত করবে যে অনুষ্ঠানের সাথে জড়িত সমস্ত কর্মী এবং দলগুলি সুস্থায়ী ভ্রমণ বিকল্প বেছে নিচ্ছে। কম কার্বন ফুটপ্রিন্টের উৎপাদন নিশ্চিত করতে, ভ্রমণকে ভালোভাবে নিয়ন্ত্রণ এবং পর্যবেক্ষণ করা প্রয়োজন, যা গ্রিনহাউস গ্যাসের একটি অন্যতম উৎস। এছাড়াও সুস্থায়ী ভ্রমণ বিকল্পগুলি শহরের বায়ুর মানের উপর শহুরে অনুষ্ঠানগুলি সম্ভাব্য প্রভাব কমাতে সাহায্য করবে। ওয়ার্ল্ড অ্যাথলেটিক্স সুস্থায়ী কৌশলের সাথে সামঞ্জস্য রেখে, একটি ব্যাপক ভ্রমণ নীতি অনুষ্ঠান সংগঠক এবং এর বৃহত্তর অংশগ্রহণকারীদের প্রয়োজন অনুযায়ী আরও সুস্থায়ী ভ্রমণ বিকল্পগুলিকে বেছে নেওয়ার ব্যাপারে শিক্ষা প্রদান এবং ক্ষমতায়ন করে।

ভ্রমণের স্তর বিন্যাসের প্রচার শুধুমাত্র কম কার্বনযুক্ত ভ্রমণ বিকল্প প্রদর্শনের সুযোগই দেবে না, বরং সক্রিয় ভ্রমণের ক্ষেত্রে,অনুষ্ঠানের সমস্ত অংশগ্রহণকারীকে দৈনন্দিন জীবনযাপনে সক্রিয় বিকল্প বেছে নিতেও অনুপ্রাণিত করবে। বর্তমান বিশ্বের বিভিন্ন দেশে ক্রমবর্ধমান স্থূলতাজনিত সমস্যা, কর্মক্ষেত্রে বা স্কুলে হেঁটে যাওয়ার মতো সহজ বিকল্পগুলি বর্তমান এবং ভবিষ্যত প্রজন্মকে ফিট এবং সুস্থ রাখার জন্য প্রয়োজনীয় সক্রিয় জীবনধারার প্রচার করে।

একটি সুস্থায়ী ভ্রমণ নীতির লক্ষ্য হল ভ্রমণ বুকিং সংক্রান্ত একটি সুস্পষ্ট প্রক্রিয়া/নীতি প্রণয়ন করা যার লক্ষ্য হল:

- ভ্রমণকারীদের তাদের ভ্রমণের পরিবেশগত প্রভাব সম্পর্কে সচেতন করা। ভ্রমণ কার্বন নির্গমনের একটি প্রধান উৎস এবং ভ্রমণকারীদের তাদের প্রতিটি পদক্ষেপ এবং ভ্রমণের ধরনের পরিবেশগত প্রভাব বোঝা উচিত;
- ভ্রমণকারী মানুষের সংখ্যা হ্রাস করা;
- পরিবহন সংক্রান্ত সিদ্ধান্তের জন্য পরিবহন স্তরবিন্যাস মেনে "সবুজতম" ভ্রমণ বিকল্পটি বেছে নেওয়া;
- বিভিন্ন অনুষ্ঠানের কার্বন প্রভাবকে হ্রাস করা;
- এমন সরবরাহকারীদের নির্বাচন করুন যারা, স্পষ্টভাবে, এই সমস্ত মূল্যবোধগুলি ধারণ করেন;
- এয়ারলাইন্স, বিমানবন্দর, হোটেল এবং স্থানান্তর সহ ভ্রমণের সমস্ত পর্যায়ে কম কার্বনযুক্ত বিকল্পগুলিকে নির্বাচন করা;
- সমস্ত অনুষ্ঠানের ভ্রমণমূলক বুকিং-এর জন্য ব্যাপক কার্বন রিপোর্টিংয়ের ব্যবস্থা করা
- অনুষ্ঠানমূলক ভ্রমণের অবশিষ্ট কার্বন প্রভাবের প্রশমন




| | |
|---|---|
| **walking**<br>active travel | **হাঁটা**<br>সক্রিয় ভ্রমণ |
| **cycling**<br>active travel | **সাইকেল চালানো**<br>সক্রিয় ভ্রমণ |
| **public transport**<br>communal travel | **গণপরিবহন**<br>সাম্প্রদায়িক ভ্রমণ |
| **electric car**<br>low carbon travel car share for a greener option | **বৈদ্যুতিক গাড়ি**<br>একটি পরিবেশবান্ধব বিকল্পের জন্য শেয়ার ভিত্তিতে স্বল্প কার্বন নির্গমনকারী ভ্রমণ গাড়ির ব্যবহার |
| **petrol/diesel car**<br>carbon intensive travel car share for a greener option | **পেট্রোল/ডিজেল গাড়ি**<br>একটি পরিবেশবান্ধব বিকল্পের জন্য শেয়ার ভিত্তিতে তীব্র কার্বন নির্গমনকারী ভ্রমণ গাড়ির ব্যবহার |
| **air**<br>very carbon intensive travel | **বায়ু**<br>অত্যন্ত কার্বন নির্গমনকারী ভ্রমণ |

## সর্বোত্তম ভ্রমণ অনুশীলন

### নিম্নলিখিত সু-অনুশীলনমূলক নির্দেশিকাগুলি অনুসরণ করা উচিত:

### ভ্রমণ এড়িয়ে চলুন

ভ্রমণের একটি উল্লেখযোগ্য পরিমাণ অংশ আদতে এড়ানো যেতে পারে। সহযোগিতামূলক যোগাযোগ, প্রশিক্ষণ এবং নেটওয়ার্কিং প্ল্যাটফর্মের ব্যবহার কিছু মিটিং, ওয়ার্কশপ, সেমিনার এবং সাধারণভাবে অফিসে যাওয়ার জন্যও আমাদের ভ্রমণের প্রয়োজনকে ত্বরান্বিত করেছে। যদিও, এমন পরিস্থিতিও থাকবে যেখানে সাইট পরিদর্শন বা প্রকৃত অনুষ্ঠানের জন্য ভ্রমণের প্রয়োজন হবে। এইসব ক্ষেত্রে, ভ্রমণের স্তরবিন্যাসের বাস্তবায়ন করা উচিত।

### সক্রিয় ভ্রমণ

সক্রিয় ভ্রমণের বিকল্প সবসময় আমাদের প্রথম পছন্দ হওয়া উচিত। একটি ক্রীড়া অনুষ্ঠান যেহেতু স্বাস্থ্যকর জীবনযাত্রার বিপণন করে তাই আমাদের উচিত 'হাঁটা পথে চলা' এবং সক্রিয় ভ্রমণের ক্ষেত্রে প্রতিটি সুযোগের সদ্ব্যবহার করা। ভ্রমণকারীদের জন্য একটি "হাঁটার মানচিত্র" প্রদান করা যেখানে বিভিন্ন গন্তব্যে যাওয়ার সময় উল্লিখিত থাকবে এবং এর স্বাস্থ্যকর দিকগুলিকে হাইলাইট করা হবে, ক্যালোরির বিয়োজনের ব্যাপারে বলা থাকবে, তা পথিকদের হাঁটার ব্যাপারে উৎসাহিত করার একটি আকর্ষণীয় উপায় হতে পারে।

বাইক ব্যবহারের বিধান দেওয়া বা উপলব্ধ হলে বাইক স্কিম ব্যবহারে উৎসাহিত করা।

### গণপরিবহন

সমস্ত অনুষ্ঠানের শহরেই বিভিন্ন ধরনের গণপরিবহন মাধ্যমের বিকল্প সহজে অ্যাক্সেসযোগ্য এবং উপলব্ধ। সম্ভব হলেই গণপরিবহন মাধ্যম ব্যবহার করা উচিত।

### গাড়িতে ভ্রমণ

গণপরিবহন মাধ্যমের ব্যবহার সম্ভব না হলে কারপুলিং/শেয়ারে ভ্রমণ করা সর্বদাই প্রথম পছন্দ হওয়া উচিত

যেখানে গাড়ি প্রদান করা হয়:

- উপলব্ধ হলে কম মাত্রায় কার্বন নিঃসরণ করে এমন হাইব্রিড এবং বৈদ্যুতিক যানবাহন ব্যবহার করা উচিত।
- যেসব জায়গায় কম কার্বন নিঃসরণযুক্ত বিকল্পগুলি অনুপলব্ধ, সেখানে ছোট গাড়িগুলির ব্যবহার সাধারণত একটি অধিক কার্যকর বিকল্প।
- জ্বালানী দক্ষতা বা দূষণ নির্গমনের ক্ষেত্রে গাড়ি চালানোর শৈলী দক্ষতাপূর্ণ হওয়া উচিত। সীমিত সম্পদ ব্যবহার করে সর্বাধিক দূরত্ব অতিক্রম করার কথা ভাবুন - যেমন পর্যাপ্ত পরিমাণ টায়ারের চাপ, গতিসীমার মাত্রা বজায় রাখা, গাড়ির ছাদে রাখা অব্যবহৃত বাক্সগুলিকে এড়িয়ে চলা, প্রয়োজনে নির্দেশিকা প্রদান করা যেতে পারে

### বিমান যাত্রা

বিজনেস ক্লাস সিটের জন্য নেওয়া স্থানের উপর ভিত্তি করে বিজনেস ক্লাসে ভ্রমণের ক্ষেত্রে আপনার কার্বন ফুটপ্রিন্ট প্রায় দ্বিগুণ হয়ে যায়। বিজনেস ক্লাস ফ্লাইটের সংখ্যা সীমিত করলে তা সেই সংস্থার ভ্রমণমূলক কার্বন প্রভাবকে উল্লেখযোগ্যভাবে হ্রাস করতে পারে।

5 ঘন্টার কম সময়ের বিমান যাত্রাগুলিকে স্বল্প দূরত্বের যাত্রা হিসেবে বিবেচনা করা হবে। সমস্ত স্বল্প দূরত্বের বিমানযাত্রার ক্ষেত্রে কর্মী ও দলের সদস্যদের ইকোনমি ক্লাসে ভ্রমণ করা উচিত।

অন্যান্য সমস্ত বিমানযাত্রার ক্ষেত্রেও, ইকোনমি ক্লাসে ভ্রমণই প্রথম পছন্দ হওয়া উচিত।

### অনুরাগী এবং দর্শক

ওয়ার্ল্ড অ্যাথলেটিক্স অফিসে মিটিংগুলির পাশাপাশি অনুষ্ঠানগুলিতেও অনুরাগী এবং দর্শকদের সুস্থায়ী ভ্রমণের বিকল্পগুলি বেছে নিতে প্রচার এবং উৎসাহিত করুন এছাড়াও আপনি স্থানীয় বা প্রাসঙ্গিক কার্বন অফসেটিং স্কিমগুলিকে চিহ্নিত করতে পারেন যাতে আপনার অনুরাগী এবং দর্শকরা তাদের নিজস্ব ভ্রমণের অফসেটের দায়িত্ব নিতে পারে।

একটি সাধারণ ক্যালকুলেটর প্রদান করার দ্বারা তাদের জন্য এই ব্যাপারটিকে সহজ করে তুলুন যেখানে তারা কতটা পথ ভ্রমণ করেছে, কী ধরনের পরিবহন ব্যবস্থা ব্যবহার করেছে তা ইনপুট করে একটি সাধারণ নির্গমন ক্যালকুলেটরের মাধ্যমে তাদের কার্বন নির্গমনের পরিমাণ গণনা করতে পারে এবং তারপর তাদের একটি লিঙ্ক প্রদান করুন যাতে তারা একটি প্রত্যয়িত অফসেট স্কিমের মাধ্যমে সেই প্রভাবকে প্রশমিত করতে পারে।

এই সর্বোত্তম অনুশীলনটিকে অনুষ্ঠান পরিকল্পনার চক্র জুড়ে নিম্নরূপে প্রয়োগ করা হয়:

### 1. অনুষ্ঠান পরিকল্পনা করাকালীন

- অনুষ্ঠানের কর্মীদের ভ্রমণজনিত কার্বন প্রভাব কমাতে ভ্রমণের স্তরবিন্যাস মেনে সমস্ত কর্মীর জন্য একটি সামগ্রিক ভ্রমণ পরিকল্পনা তৈরি করুন
    - ভ্রমণের প্রয়োজনীয়তার সমালোচনামূলকভাবে মূল্যায়ন করুন এবং অপ্রয়োজনীয় ভ্রমণ এড়াতে সহযোগিতামূলক মিটিং প্ল্যাটফর্ম, ভিডিও এবং অন্যান্য মাধ্যমের ব্যবহার করুন
    - যেখানে ভ্রমণ আবশ্যিক সেখানে কার্বন সাশ্রয়ী ভ্রমণ বিকল্প নির্বাচন করুন যেমন ইকোনমি ক্লাস বিমান, বিমানবন্দর থেকে যাত্রার জন্য গণপরিবহন মাধ্যম ইত্যাদি
- প্রাসঙ্গিক যোগাযোগ প্ল্যাটফর্মের মাধ্যমে অনুরাগী ও দর্শক, ক্রীড়াবিদ, অংশীদারদের সহ সমস্ত স্টেকহোল্ডারদের সক্রিয় ভ্রমণ এবং গণপরিবহন ব্যবহার করার ব্যাপারে উৎসাহিত করুন এবং তাদেরকে সমস্ত বিকল্প/সময়সূচী জনিত তথ্য প্রদান করুন
- অনুরাগী/দর্শকদের সাথে যোগাযোগ করতে এবং টিকিট বিক্রির সময়ে ভ্রমণের তথ্য নথিভুক্ত করতে টিকিটিং প্রক্রিয়ার ব্যবহার করুন
- একটি কার্বন অফসেট প্রোগ্রাম শনাক্ত করুন এবং সেই ব্যাপারে সবাইকে অবহিত করুন (অনুষ্ঠানের সাথে প্রাসঙ্গিক প্রোগ্রাম, এবং যেখানে সম্ভব)
    - কার্বনের প্রভাব প্রশমন, উদাহরণমূলক নেতৃত্ব প্রদান করুন
    - সমস্ত অংশগ্রহণকারীদের সাথে যোগাযোগ স্থাপন করুন, এবং তাদের নিজস্ব ভ্রমণের কার্বন প্রভাব প্রশমন করতে উৎসাহিত করুন।
- পর্যাপ্ত গণপরিবহন ব্যবস্থা নিশ্চিত করতে স্থানীয় সরকার এবং অপারেটরদের সাথে সহযোগিতা করুন করুন

## 2. অনুষ্ঠান পরিচালনা করাকালীন

- গণপরিবহন মাধ্যমকে উৎসাহিত করার সুযোগ দিন যেমন, বাস/ট্রেনের টিকিটের সাথে বিনামূল্যে কফি
- কার্বনের প্রভাব, সেই নির্দিষ্ট পরিবহন মাধ্যম বেছে নেওয়ার কারণ এবং যোগাযোগ পরিকল্পনার কার্যকারিতা মূল্যায়নের জন্য বিকল্প ভ্রমণ ব্যবস্থা এবং দূরত্ব নির্ধারণের জন্য দর্শকদের উপর সমীক্ষা করুন
- পরিবহন পরিষেবা প্রদানকারীদের থেকে (মূল আহরণের চুক্তিতে অন্তর্ভুক্ত করা তা নিশ্চিত করুন), গাড়ির পার্ক এবং সাইকেল পার্ক ইত্যাদি থেকে অন্যান্য ধরনের ভ্রমণমূলক তথ্য সংগ্রহ করুন

## 3. অনুষ্ঠানের সমাপ্তি এবং পর্যালোচনা

- পরিকল্পনার সাফল্য মূল্যায়নের জন্য সংগৃহীত তথ্যের পর্যালোচনা করুন। যেমন:
    - গণপরিবহন মাধ্যম ব্যবহারকারী মানুষের সংখ্যা
    - সাইটে উপস্থিত গাড়ির সংখ্যা
    - বাইক স্টোরেজ ব্যবস্থা ব্যবহারকারীদের সংখ্যা
    - অনুষ্ঠানের মোট দর্শক সংখ্যা
- অনুষ্ঠান পরবর্তী পর্যালোচনা মিটিং এবং রিপোর্টে টিকিটিং ও যোগাযোগের পাশাপাশি পরিবহন পরিষেবা প্রদানকারীদেরও অন্তর্ভুক্ত করুন
- উন্নতি করা যায় এমন ক্ষেত্রগুলিকে চিহ্নিত করুন

## ওয়ার্ল্ড অ্যাথলেটিক্স-এর দপ্তরে যাওয়ার জন্য গণপরিবহন মাধ্যমের উদাহরণ

| ধরন | সংগঠন | ওয়েব লিংক |
|---|---|---|
| বাস | Compagnie des Autobus de Monaco | https://www.cam.mc/en |
| ব্যাটু বাস | Compagnie des Autobus de Monaco | https://monaco-navigation.com/bateau-bus-tarif-monaco.html |
| ট্রেন | | https://www.visitmonaco.com/en/7547/access-by-rail |
| ইলেকট্রিক | মোনাবাইক | https://monabike.mc/ |

| | | |
|---|---|---|
| বাইক | | |
| ট্যাক্সি/ ইলেকট্রিক ট্যাক্সি | ট্যাক্সি মোনাকো (অ্যাপ) | https://apps.apple.com/gb/app/taxi-monaco/id1032394857<br>https://www.taximonaco.com/ |
| গাড়ি শেয়ারিং | মোবি | http://www.mobee.mc/en/ |

## 9. বাসস্থান

একটি সুস্থায়ী ক্রয় প্রক্রিয়ার মাধ্যমে - নির্বাচন করা পণ্য এবং পরিষেবাগুলির উপযুক্ত বিকল্প বেছে নেওয়ার মাধ্যমে পরিবেশগত প্রভাব হ্রাস এবং সামাজিক প্রভাব বৃদ্ধির লক্ষ্য অর্জন করা যেতে পারে।

আবাসন হল এমনই একটি পরিষেবা এবং এর নির্বাচনের বিষয়টি এই কথাগুলিকে মাথায় রেখে পর্যালোচনা করা উচিত, যার মধ্যে রয়েছে শক্তি ব্যবস্থাপনা, বর্জ্য উৎপাদন, খাদ্যের ব্যবস্থা, স্থানীয় কর্মী এবং কর্মীদের বৈচিত্র্য, স্বাস্থ্য এবং সুস্থতার প্রভাব ইত্যাদি। যদিও, বাইরে থেকে এগুলিকে কঠিন বিকল্প বলে মনে হতে পারে তবে 'সবুজ হোটেল'-এর জন্য বেশ কিছু সার্টিফিকেশন স্কিম রয়েছে। যেখানে স্ব-ক্যাটারিংকে একটি সার্টিফিকেশন স্কিম দ্বারা মূল্যায়ন করার সম্ভাবনা কম, তবে মূলত বহুলোকের আবাসনের ক্ষেত্রে লন্ড্রি, গরম/শীতল কমিউনিটি এলাকা ইত্যাদির কারণে স্ব-ক্যাটারিং ব্যবস্থা দীর্ঘ সময়ের নিরিখে শক্তির স্বল্প খরচসাপেক্ষ হবে।




| | |
|---|---|
| Sustainable Accommodation | সুস্থায়ী বাসস্থান |
| Energy Efficiency | শক্তি দক্ষতা |

| | |
|---|---|
| Active Travel | সক্রিয় ভ্রমণ |
| Local Food Sourcing | স্থানীয় খাদ্যের সংগ্রহ |
| Legal Compliance | বৈধ সম্মতি |
| Certification | সার্টিফিকেশন |
| Sustainable Procurement | সুস্থায়ী আহরণ |
| Renewable Energy | পুনর্নবীকরণযোগ্য শক্তি |
| Water Management | জলের ব্যবস্থাপনা |
| Zero Single-use plastic | শূন্য একক-ব্যবহৃত প্লাস্টিক |
| Diversity & Inclusion | বৈচিত্র্য এবং অন্তর্ভুক্তি |
| Waste Management | বর্জ্য ব্যবস্থাপনা |
| Shared Occupancy | স্থান অধিকারের শেয়ার |




| | |
|---|---|
| High Carbon | উচ্চ পরিমাণে কার্বন |
| Hotel | হোটেল |
| Eco-Hotel | ইকো-হোটেল |
| Self Catering | স্ব-পরিষেবা প্রদানকারী |
| Low Carbon | স্বল্প পরিমাণে কার্বন |

আবাসন নির্বাচনের সময় বিধানের সমস্ত দিক বিবেচনা করা উচিত। হোটেলের ক্ষেত্রে আরও অনেক অধিক বিষয় প্রদানকারীর নিয়ন্ত্রণে থাকে যা শুধুমাত্র আপনার অনুষ্ঠান আয়োজন টিমের লজিস্টিক্যাল কোঅর্ডিনেটরদের পছন্দের উপর ছেড়ে দেওয়া হয়।

এই সর্বোত্তম অনুশীলনটিকে অনুষ্ঠান পরিকল্পনার চক্র জুড়ে নিম্নরূপে প্রয়োগ করা হয়:

### 1. অনুষ্ঠান পরিকল্পনা করাকালীন

- সমস্ত কর্মীদের অন্তর্ভুক্ত করে আবাসন পরিকল্পনা তৈরি করুন, যাতে ঘরের সংখ্যার ক্ষেত্রে সর্বাধিক কার্যকারিতা পাওয়া যায়
- নিম্নলিখিত বিষয়গুলির কথা বিবেচনা করে আবাসনের ব্যাপারে গবেষণা করুন ও নির্বাচন করুন:
    - কোনও পরিবেশগত গুণমান, সার্টিফিকেশন বা চিহ্ন। http://www.greenhotelier.org/know-how-guides/know-how-guide-to-sustainable-hotel-certification-schemes/
    - গাড়ি/ট্যাক্সির প্রয়োজনীয়তাকে সীমিত করতে এবং গণপরিবহন, হাঁটা বা সাইকেল চালানোর কার্যকর ব্যবহারকে সক্ষম করতে অনুষ্ঠানস্থলের নিকটবর্তী স্থানে আবাসন নির্বাচন।
    - ভালো মানের খাবার প্রদান করে এমন হোটেল
    - কর্মীদের জন্য উচ্চ কর্মসংস্থানের মান সহ হোটেল (এর জন্য স্থানীয় সার্টিফিকেশন স্কিম থাকতে পারে?)
- নির্বাচিত আবাসনগুলিকে সচেতন করে দেওয়া উচিত যে কোনও বোতলজাত জল সরবরাহ করা হবে না – যতক্ষণ না পর্যন্ত ফিল্টার করা, পানীয় জল সরবরাহ করা যাবে।
- হোটেলের সাথে আলোচনা/চুক্তিতে অতিরিক্ত সুস্থায়ীমূলক প্রয়োজনীয়তা নির্ধারণ করা যেতে পারে। যেমন নিষ্পত্তিযোগ্য শাওয়ার কিট এবং একবার ব্যবহারযোগ্য স্যাশেগুলি সরিয়ে ফেলতে হবে, পরিচ্ছন্নতার সময়সূচী ন্যূনতম করা উচিত এবং কোনও একবার ব্যবহারযোগ্য প্লাস্টিক সরবরাহ করা উচিত নয়।

## 2. অনুষ্ঠান পরিচালনা করাকালীন

- অনুষ্ঠানের কর্মী সদস্যগণ এবং ক্রীড়াবিদদেরকে আপনার সুস্থায়ীত্বের প্রতিশ্রুতির ব্যাপারে অবহিত করুন, যার মধ্যে ভ্রমণের ক্ষেত্রে পরামর্শের তালিকাও থাকবে, এছাড়া থাকবে:
    - ঘর থেকে বেরোনোর সময় এবং যখন ব্যবহার করা হবে না তখন লাইট, টিভি এবং ফোন/আইপ্যাড চার্জার সহ অন্যান্য সরঞ্জাম বন্ধ রাখা
    - সবচেয়ে সুস্থায়ী ব্যবস্থাসম্পন্ন রেস্তোরাঁ, ক্যাফে ইত্যাদির তালিকা প্রদান করা যার মধ্যে নিকটবর্তী নিরামিষ খাবারের বিকল্পগুলি এবং সুস্থায়ী পরিবহন বিকল্পগুলিও অন্তর্ভুক্ত করা উচিত।
    - শক্তি/তাপমাত্রা ব্যবস্থাপনা: ঘরের তাপমাত্রা "আরামদায়ক" হলে শীততাপ নিয়ন্ত্রণ যন্ত্র বন্ধ করুন।
- একসাথে কাপড় কাচার মাধ্যমে প্রয়োজনীয় লন্ড্রির পরিমাণ হ্রাস করুন (নিশ্চিত করুন যে ব্র্যান্ডেড পোশাকের নাম আগে থেকেই দেওয়া আছে), এবং একটি সুস্থায়ী লন্ড্রি পরিষেবা ব্যবহার করুন (রাসায়নিকের সীমিত ব্যবহার ইত্যাদি)
- শুধুমাত্র প্রয়োজন হলেই তোয়ালে এবং চাদর ইত্যাদির লন্ড্রি করার ব্যাপারে কর্মীদের, ক্রীড়াবিদদের উৎসাহিত করুন

## 3. অনুষ্ঠানের সমাপ্তি এবং পর্যালোচনা

- বিভিন্ন ধরনের আবাসনে থাকা সমস্ত ঘরগুলিকে মিলিয়ে দেখুন
- কর্মীদের ভ্রমণ থেকে উদ্ভূত কার্বনের প্রভাব কমাতে আবাসনের পছন্দের কার্যকারিতা সম্পর্কে রিপোর্ট করতে সমগ্র অনুষ্ঠানের সময়কাল জুড়ে মাধ্যমে ব্যবহৃত পরিবহন মাধ্যমগুলি সম্পর্কে তথ্য সংগ্রহ করুন
- কোন কোন লক্ষ্য অর্জিত হয়েছে এবং কী শিক্ষা পাওয়া গেছে তার একটি রিপোর্ট তৈরি করতে একটি অনুষ্ঠান পরবর্তী পর্যালোচনা মিটিং পরিচালনা করুন

## 10. কার্বনের ভারসাম্য বজায় রাখা

বৈশ্বিক স্তরে কার্বন নিঃসরণের উত্তরোত্তর বৃদ্ধির দ্বারা চালিত জলবায়ু পরিবর্তন এমন একটি বৈশ্বিক সমস্যা যা পৃথিবীর সমস্ত মানুষের জীবনকে প্রভাবিত করছে, যার প্রভাবের মধ্যে রয়েছে সমুদ্রের জলের আম্লিকতা বৃদ্ধি, খাদ্যশৃঙ্খলে ব্যাঘাত, 'চরম' আবহাওয়া জনিত প্রাকৃতিক দুর্যোগ, গৃহ ও বাসস্থলের বিনাশ এবং সমুদ্রের জলস্তর বৃদ্ধি।

ওয়ার্ল্ড অ্যাথলেটিক্স জলবায়ু পরিবর্তনের বিরুদ্ধে পদক্ষেপ গ্রহণ এবং অ্যাথলেটিক্স, মানব স্বাস্থ্য এবং সুস্থতার উপর এর প্রভাবকে গুরুত্ব দিয়েছে। অ্যাথলেটিক্স, বিশেষ করে এর অনুষ্ঠানগুলি, উল্লেখযোগ্য পরিমাণ কার্বন ফুটপ্রিন্ট তৈরি করে। যদিও, তাদের কাছে পুনর্নবীকরণযোগ্য শক্তির উৎসগুলিকে ব্যবহার করার জন্য উদ্ভাবনী প্রযুক্তির গ্রহণ, ব্যবহার এবং তা প্রদর্শনের সুযোগ রয়েছে। উল্লেখযোগ্য কার্বন নির্গমন এবং সেইজন্য, কার্বন প্রশমনের পদক্ষেপগুলির নিম্নলিখিত বিষয়গুলির উপর ফোকাস করা উচিত:

1. ভ্রমণ
2. শক্তি খরচ
3. সংস্থান
4. খাদ্য ও পানীয়
5. বর্জ্য

এই সর্বোত্তম অনুশীলনটিকে অনুষ্ঠান পরিকল্পনার চক্র জুড়ে নিম্নরূপে প্রয়োগ করা হয়:

### 1. অনুষ্ঠান পরিকল্পনা করাকালীন

- নির্গমন কমাতে বিভিন্ন পদক্ষেপকে অগ্রাধিকার দিতে সাহায্য করার জন্য কার্বন নির্গমনের মুখ্য উৎসগুলিকে শনাক্ত করুন
- একটি কার্বন নির্গমন হ্রাস পরিকল্পনা তৈরি করুন যা আপনার নির্দিষ্ট উদ্দেশ্য, লক্ষ্য (বেসলাইন ডেটা দ্বারা চালিত, যেখানে ডেটা বিদ্যমান), KPI এবং ক্রিয়াকলাপগুলির বিশদ প্রদান করা ছাড়াও পর্যবেক্ষণ এবং প্রতিবেদন তৈরির প্রয়োজনীয়তাগুলিকে তালিকাভুক্ত করে
